

Vol.11, No.4

January-March, 2017

GANDHI NEWS

গান্ধী সংবাদ

Vol.11, No.4

January-March, 2017



**WISDOM
FROM THE
EAST**

The closing session of the Inter-Asian Relations Conference held in Delhi on 2 April 1947 was a great finale to the intense activity which marked the proceedings during the previous ten days. Over 20,000 visitors and delegates and observers gave a great ovation to Gandhi, when Mrs Naidu introduced him as "one of the greatest Asians of the age." Gandhi addressing the gathering said that wisdom had come to the West from the East and added : "The first of these wise men was Zoroaster. He belonged to the East. He was followed by the Buddha who belonged to the East-India. Who followed the Buddha? Jesus, who came from the East. Before Jesus was Moses who belonged to Palestine though he was born in Egypt. After Jesus came Mohammed. I omit any reference to Krishna and Rama and other lights. I do not call them lesser lights but they are less known to the literary world. All the same I do not know of a single person in the world to match these men of Asia. And then what happened? Christianity became disfigured when it went to the West. I am sorry to have to say that, I would not talk any further.

I have told you the story in order to make you understand that what you see in the big cities is not the real India. Certainly, the carnage that is going on before our very eyes is a shameful thing. As I said yesterday, do not carry the memory of that carnage beyond the confines of India. What I want you to understand is the message of Asia. It is not to be learnt through the Western spectacles or by imitating the atom bomb. If you want to give a message to the West, it must be the message of love and the message of truth. I want you to go away with the thought that Asia has to conquer the West through love and truth. I do not want merely to appeal to your heads. I want to capture your hearts. Of course, I believe in "one world". How can I possibly do otherwise, when I became inheritor of the message of love that these great unconquerable teachers left for us? In this age of democracy, in this age of awakening of the poorest of the poor, you can redeliver this message with great emphasis. You will complete the conquest of the West not through vengeance because you have been exploited, but with real understanding I am confident that if all of you put your hearts together—not merely heads—to understand the secret of the message these wise men of the East have left to us, and if we really become worthy of that great message, the conquest of the West will be complete.

This conquest will be loved by the West itself.

Gandhi Smarak Sangrahalaya


14, Riverside Road, Barrackpore, Kolkata-700120

website : www.gandhimuseum.in, e-mail : gandhimuseum.120@gmail.com

Editor : **Professor Jahar Sen**

Published and Printed by Pratik Ghosh, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya, Barrackpore Kolkata-700120 and Printed from Satyajug Employees Co-operative Industrial Society Ltd., Kolkata-72

Subscription : ₹ 20.00



BULLETIN OF

GANDHI MEMORIAL MUSEUM

Gandhi
news
গান্ধীসংবাদ

January - March 2017

Editor : Prof. Jahar Sen
সম্পাদক : জহর সেন

Contribution : Rs. 20/-
বিনিময় : ২০ টাকা

GANDHI NEWS

গান্ধী সংবাদ

জানুয়ারি-মার্চ ২০১৭

সূচিপত্র

1. Editorial	: The Voice of Sabarmati	05
2. Rezaul Kairm	: Has Gandhism Failed?	11
3. রাখারঞ্জন গুপ্ত	: মহাত্মা গান্ধী : জেলাতে একবারই এসেছিলেন	18
4. শীতাংশু চট্টোপাধ্যায়	: রাখাল দা'—আমার দৃষ্টিতে	20
5. প্রবাজিকা বেদপ্রাণা	: সংগ্রহালয়ের স্মৃতিকথা সংগ্রহ থেকে	29
6. Director-Secretary's Report	: Director-Secretary's Report on the Programme and Activities at Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, from December 2016 to February 2017	32

The Voice of Sabarmati

The Ashrams established by Gandhi himself are as follows :

The Phoenix Settlement (1904), Tolstoy Farm (1910) both in South Africa, Satyagraha Ashram, Sabarmati (1915-1933) and Sevagram Ashram (since 1932).

There were many Ashrams established by the inmates or residents of Sabarmati Ashram. The names of some of these are mentioned below :

1. Satyasevak Ashram, Bilmora
2. Kasturba Seva Mandir Rajpura (Punjab)
3. Gandhi Nidhi, Bangalore
4. Sannyas Ashram, Mumbai
5. Swaraj Ashram, Bardoli
6. Kasturba Ashram, Rajkot
7. Vaisnavjan Karyalaya, Rajkot
8. Kasturba Sevashram, Balasor and Sarvodaya Trust, Balasor
9. Bihar Khadi Gramodyog Sangha, Muzaffarpur
10. Swaraj Ashram, Surat
11. Khadi Karyalaya, Surat
12. Kasturba Sarvadaya Mandal, Vidarbha
13. Mahaguti Khadi Ashram Kathmandu
14. Tamilnadu Sarvadaya Sangha
15. Akhil Bharatiya Santi Sena Mondal
16. Abhaya Ashram, Calcutta
17. Rajasthan Goseva Sangha, Jaipur

18. Harijan Sevak Sangha, New Delhi
19. Mahila Ashram, Wardha
20. Bal Ashram, Bilaspur

Gandhi established his first Ashram in India in the Kochrab area of Ahmedabad in 1915. In 1917 the Ashram was shifted to a piece of land on the banks of the river Sabarmati. This was also known as Satyagraha Ashram and subsequently as Harijan Ashram. It is popularly known as Sabarmati Ashram.

This Ashram was the home of Gandhi till 1930. In that year he undertook the historic Dandi March and left the Ashram. Since 1930 the Ashram functions as a centre for education of Harijan girls.


In 1948 the Millowner's Association of Ahmedabad decided to collect a Gandhi Memorial fund for preservation and maintenance of the Ashram at Sabarmati. The fund was donated to Gandhi Smarak Nidhi for necessary action. In 1959 the fund amounting to Rs. 23 lakhs was transferred to Sabarmati Ashram Preservation and Memorial Trust. The new exquisite building of Gandhi Smarak Sangrahalaya was inaugurated on 10 May 1963 by Jawaharlal Nehru.

We mention below some selected letters as illustrative of some of the



crucial problems faced by Mohandas Karamchand Gandhi (MKG) in the Sabarmati Ashram. The reference Nos of the letters have been taken from the archives of the Sabarmati Ashram.

1. (P/6378) From M. K. Gandhi, Motihari to Friends only dated 8 July and 13 July 1917. He appeals for funds for Satyagraha Ashram. The title of the circular is "Help a Crank."
2. (P/7326) Gandhi wrote from Bombay to Maganlal at Sabarmati in October 1920 on two issues : difficulty regarding khadi production and scruple regarding public money.
3. (M/7291) From Chhaganlal Gandhi at Ahmedabad to M. K. Gandhi at Calcutta dated 6 November 1920. Report of the Ashram for 1920. Total expenses amount to Rs. 2,46,134. Budget for 1920 1½ lakh of rupees.
4. (M/11787) From M. K. Gandhi to the people of a village nearby Sabarmati Ashram. It is a pamphlet dated May 1927 regarding cases of thefts in Ashram.
5. (P/14278) From Alexander Horace to M. K. Ghandhi dated 3 April 1928 regarding draw backs in Ashram life.
6. (P/13392) From M. K. Gandhi, Sabarmati to C. F. Adrews dated 26 May 1928 on the need of overhauling of the Ashram.
7. (P/13504) From Satish Chandra Dasgupta, Sodepur to M. K. Gandhi dated 31 August 1928. The subject matter was Hamilton's Sunderban Settlement and Boring and Pipe laying methods.



Sabarmati Ashram and Gandhiji

8. From M. K. Gandhi, Wardha to Satish Dasgupta, Sodepur dated 27 November 1928. The letter discussed Calcutta Exhibition and problems relating to common kitchen and Bakery.
9. (P/15298) From Rabindranath Tagore, Santiniketan to Mira Ben dated 19 January 1929 regarding Santiniketan.
10. (M/20811) From Mira Ben to M. K. Gandhi dated 2 April 1933 complaining about the mockery of discipline at the Ashram.
11. (M/21560) From Hiralal Sharma to M. K. Gandhi at Sabarmati dated 2 May 1933 regarding naturopathy treatment and Ashram management at Sabarmati Ashram.
12. (P/21543) From M. K. Gandhi to President, Ahmedabad Municipality dated 30 May 1933, donating Ashram Library.




(P means Printed and M means manuscript)

The institutions associated with Sabarmati Ashram are mentioned below :

1. Harijan Ashram in charge of Kanyachhatralaya and Kanyalaya (Girl's School and Ladies Training Centre).
2. Harijan Sevak Sangha conducts Harijan Welfare Programme.
3. Ashram Gosala Trust is in charge of Dairy etc. This institution has been sold to a private company.
4. Khadi and Gramodyog Karyalaya— This organisation operates khadi manufacture, weaving centre and khadi shops.

5. Ambar Experiment Committee. This organisation conducts research in *Khadi* production and the improvement of the *amber* charka. The research is controlled by All India Khadi and Village Industries Commission.





Sabarmati Ashram as a centre for education of Harijan girls

6. Gandhi Smarak Sangrahalaya consists of Gandhi Museum and Library.
7. Gandhi Smarak Nidhi. The headquarter of Gujrat Branch is situated in the Ashram.

Many eminent critics have argued that there were many limitations in the Sabarmati Ashram. The *gurukul* system of education was strictly followed. The students were prevented from contact with the outside world. Salima Tyabji and S. C. Ranade described the scheme as “backward progress and suicidal to our nation.” In 1929 Mira Behn complained that during Gandhi’s absences from the Ashram from time to time some of the Ashram boys became “selfish, bad mannered and wanting in a spirit of service.” The absolute vows undertaken by the inmates of the Ashram were no guarantee against human fallibility. Cases of petty jealousies destroyed the essence of constructive programe. The egalitarian principles which the Ashram advocated were opposed to social practices of the Casteridden community which resided there.

The political contributions of the Sabarmati Ashram are highly significant. Many ashramites were actively involved in campaigns of Champaran and Bardoli Satyagrahas. As mentioned by Pyarelal Ashram cadres introduced “homoeopathic doses of non-violence” throughout India.

Mahatma Gandhi’s experiments with Ashram Movement deserve more than a passing notice. Several questions occur in this connection. Is it a laboratory for man making character building educational experiment as Swami Vivekananda envisaged? Is it the foundation of an egalitarian socio-





Gandhi's room in Sabarmati Ashram

economic organisation? Is it simply a convenient base for grass-root Civil Disobedience Movement?


All these are mundane questions. Gandhi had higher aims in view. The paragraph quoted below occur in a document dated 1917 in which Gandhi enunciated the aims and objects of the Satyagraha Ashram at Sabarmati. The rough rendering of the passage in English is as follows.

Truth is not fulfilled by mere abstinence from telling or practising an untruth in ordinary relations with fellowmen. Truth is God, the one and only Reality. All other observances take their rise from the quest for and worship of Truth. Worshippers of Truth must not resort to Untruth, even for what they may believe to be the good of the country, and the may be required like Prahlad civility to disobey the orders of parents and elders in virtue of their loyalty to Truth.

Has Gandhism Failed?

Rezaul Kairm


Now that the Congress has withdrawn the Civil disobedience movement, has lifted the ban on council-entry, is meditating over the question whether it should accept office and that, on account of this non-committal attitude of the Congress a perceptible rift has been made in the lute,—a question naturally arises in the mind of the people, has Gandhism failed? After many fiery



ordeals did Gandhism bear no fruit?

A hundred and twenty years ago, an almost similar question arose in the minds of the Europeans— “Has French Revolution failed?”—when Napoleon was crushed on the field of Waterloo, when the allied victorious powers triumphantly entered Paris, abolished the Republic, placed the Bourbons on the vacant throne and crumbled to dust all hopes of democracy and self-determination?

In both the cases the answer is an emphatic “No.” The French Revolution did not die, it can not die. The forces let loose by the French Revolution are potent even to this day and are working out, directly and indirectly, visibly and invisibly, the destinies of the nations of the world today. Similarly Gandhism has not failed, it can not fail,—it is a powerful force, a life-giving and soul-nourishing energy,—it is a spirit of restlessness which leaves nothing unsearched nothing untried to find its destined goal,—it is a Revolution and Evolution in one, it is politics, economics, sociology, ethics in one,—it is materialism and



spiritualism in one and the same thing at the same time. Nay more, it is all these things and yet it is something more which is still in the making.

For what ideals and principles does Gandhism stand?—And how has it achieved success? The following lines are but feeble attempts to give an answer to this question. Gandhism stands for complete emancipation of the country from all sorts of bondages—political, social, and economic,—visibly and invisibly, directly and indirectly it has influenced and is influencing and will continue to influence every sphere of the life of the Indians for many generations to come. It embodies in itself all the noble ideas of chivalry and bravery. Gandhism has created a history of its own,—a history that will be handled to the future generations as

unique and novel of its kind. In the long roll of the history of the liberation of the enslaved people, the future generation will learn with pleasure and pride that, here in India, was invented a novel method of regaining the lost liberty of country—a surer, nobler and purer than any that was invented in anywhere in the world. Where you will hear no clanging of arms, no piercing shrieks of an agonised victim and yet there was a struggle, a war that was conducted with most peaceful and humane means. And if there were any arm, ammunition, and other paraphernalia of warfare these were on the other side that was out to crush the new method that Gandhism came to preach.

The struggle for constitutional reforms that was being conducted in the pre-Gandhian period was

nothing but a timid and feeble attempt of some armchair politicians to lay before the feet of the rulers an appeal, a request, a petition, to throw on some grains of mercy upon the helpless lot of the people of the country. When such request and prayer could not melt the heart of the rulers, political leaders of the pre-Gandhian period did not know, or could not conceive of any other method to regain from the authorities even some vestige of substantial power for the country. All their good intentions were thus frustrated by the noxious principle of “Thus far and no further.”

Relying on the absolute discretion of the authorities, such leaders advised their countrymen to wait in patience and silence for the coming Millennium which, they hope, would come spontaneously by a process of gradual evolution of whatever the authorities would condescend to concede to India.

It was just at that time,—just at a time when the political atmosphere of the country was gloomy and morbid,—when the people of the country

*If we have the
Khadhi spirit in us,
then we would
surround ourselves
with simplicity in
every walk of Life.*

M. K. Gandhi





There is no such thing as Gandhism, and I do not want to leave any sect after me.

M. K. Gandhi

were forced into a state of drowsiness and cowardice,—when life itself became almost dead and soulless and spiritless—when people could not believe that they might do something worth great,—when they could not dare to utter publicly such inoffensive words as “Swaraj”, “Freedom”, “Liberty”,—it was at time that a new gospel of hope and life, regeneration and salvation was placed before them in bold outlines, by a lean, thin man with no other dress than a loin-cloth to cover him,—and lo! at once the whole atmosphere became clear and fresh, the whole nation, woke up from the age-long torpor and lethargy.

To be precise, Gandhism has brought upon India a consciousness of its national greatness and awoke in the minds of individual Indians a feeling of their own power, as such they began to feel their own importance and the greatness of their mission for which no sacrifice is beneath their dignity. They also became conscious of every fibre of their strength. Gandhism taught the people that

liberation of their country cannot be a gift from others,—it is not a godsend, not a boon to be thrust upon others by a third party :—it is something which is to be achieved and acquired by individual endeavour, exertion and greatness. Let the Indians say, every nation in the world, have this spirit of self-reliance and confidence inculcated in their mind, and the task of their liberation will be made easier and lighter.


With a view to infuse into the minds of the degenerate people, the spirit of nobleness, magnanimity and supreme sacrifices that they may regain what was their own as a

matter of right, so that they may shake off their indolence and do faithfully and dispassionately what was their duty—the novel method of “Satyagraha” was prescribed for such people, and the magic-wand of “Satyagraha” gave to the somloment of the country from one end to the other, a very good shaking up. Non-Co-operation is nothing but the active realisation of “Passive Satyagraha”. The principle of “do good to others” is not alone and by itself a perfect method, it should be supplemented by another equally sound and practical principle—“do not submit to evil, resist it with all your might.” Both these ideals which make up a perfect and complete code of moral law, have found their full realisation in Non-co-operation method. This is the fundamental principle of Gandhism and whoever will accept this method as ideals of his life, will command esteem and respect of the world and he is bound to achieve success in everything which he attempts.

But you will say, Non-Co-operation is a failure, it did not or could not bring Swaraj, it could not close down schools and colleges which are instrumental for the

slave mentality of the nation, etc. etc. If these be the signs of failure—then we admit defeat. But this is seeing a thing very superficially. Dive deep into the matter and you will realise that neither Non-Co-operation, nor Civil Disobedience movement is a total failure,—it has far-reaching consequences on the life of the entire nation in the way of their making and shaping.

This mighty upheaval, this tremendous uprising of the benumbed people of India which Gandhism has brought forth in the country is a thing unforeseen and unprecedented in the history of



India. And this uprising of the people can in more than one way, be compared with that historic French Revolution. To a people brought up under an alien system of government, Gandhism is a forceful message of hope and life. Like the French Revolution it has not only its political aspect, it has also affected the social, economic and moral life of the people. But the French Revolution has no counterpart of another aspect of which Gandhism alone can boast,—that softening, ennobling and spiritualising influence which Gandhism has been able to infuse in the minds of the people. It is this aspect which has differentiated it from any other political movement. Gandhism is not a rebellion culminating in regicide, murder and plunder,—it is Revolution, sudden and dynamic indeed, but peaceful, non-violent, bloodless and yet sure and more effective. And its permanent fruits are clearly perceptible in every walk of Indian life.

When we see the teeming millions of school children and college boys, these future hopes of our country—walking triumphantly — full of palpitating life— their

breast erect, their every nerve quivering with sensation, throbbing with life and hope and joy, their spirit undaunted and unplugged and their energetic hand ready to undertake any difficult task—who were but two decades ago nothing but a desperate mass of lifeless corpse,— we cannot be blind to the elevating and pervading influence of Gandhism. And where were those masses,— those dumb driven masses— those loathsome depressed classes,— those hewers of wood and drawers of water? Neglected and uncured for they were passing their tedious and cheerless days in bondage, in poverty and in ignorance,—and Gandhism by dint of its humanising influence, has brought those people before the forefront of the political movement so that their due share may not be robbed by any usurper—so that they may wake up and demand what is their legitimate share. This all-round mass movement which is fastly drifting towards socialistic ideals and tendencies,—this tremendous organisation of Labour, this sober movement for the emancipation of women which is pulling down the hitherto impregnable walls of the harems,—

and is bringing forth the womenfolk of the country into the field of activity,—these and sundry other things with them, are the direct outcome of Gandhism. Gandhism has set the ball rolling and it will be rolling on and on until the goal is attained. Gandhism is one of those few movements which are productive of all good and no evil, and in this Gandhism partakes of the nature of religious and ethical revolution of a country.

Satyagraha, Non-co-operation or Civil Disobedience—are one or other aspects of Gandhism—but

‘Realisation’ is the quintessence of Gandhism. In failure it does not tumble or tremble down, in success it does not indulge in excesses. Repression cannot kill it, defeat cannot humble it,—it bears success or failure with perfect equanimity. Let the Indians of all parties and communities be imbued with the true spirit of Gandhism and India is then destined to be great and noble, prosperous and flourishing and before long she will be one of the self-governing countries in the world.

মহাত্মা গান্ধী : জেলাতে একবারই এসেছিলেন

রাধারঞ্জন গুপ্ত

৯২ বছর আগে ১৩৩৩
বঙ্গাব্দের (১৯২৬)
ঝুলন পূর্ণিমার দিন জাতির
জনক মহাত্মা গান্ধী
মুর্শিদাবাদ জেলায়
এসেছিলেন। ভোররাত্রের
ট্রেনে কলকাতা থেকে
বহরমপুর স্টেশনে নামেন।
সঙ্গে ছিলেন একান্ত সচিব
ভূলাভাই দেশাই।

মুর্শিদাবাদ জেলায় গান্ধীজির এই একবারই
পদার্পণ ঘটেছিল।

দেশবন্ধু চিত্তরঞ্জন ১৯২১ সনে সহধর্মিণী
বাসন্তীদেবী সমবিবাহারে বহরমপুরে এসে একদিন
অতিবাহিত করেন জেলা কংগ্রেস সভাপতি ব্রজভূষণ
গুপ্তের গৃহে। বর্তমান পরিচয়ে ব্রজভূষণ গুপ্ত
বহরমপুর দেওয়ানী আদালতের স্বনামখ্যাত
আইনজীবী (যিনি ৯০ এর দ্বারদেশে উপনীত)
সত্যানন্দ গুপ্তের (সাতুবাবু) পিতা। কিন্তু বিশ ত্রিশের
দশকে ব্রজভূষণ গুপ্ত ছিলেন স্বমহিমায় উদ্ভাসিত।
শুধুমাত্র জাতীয় কংগ্রেসের জেলা সভাপতি ছিলেন
না, আইনজীবী রূপে তাঁর খ্যাতি ছিল বাংলা ছাড়িয়ে
বিহার পর্যন্ত। জেলাতে কংগ্রেসের তিনিই একমাত্র
নেতা যাঁর গৃহে দেশবন্ধু, গান্ধীজি, দেশপ্রিয়
যতীন্দ্রমোহন, সুভাষচন্দ্র বসু, সরোজিনী নাইডু থেকে
পূর্ণ দাস, কাজী নজরুল ইসলাম সকলেরই পদার্পণ
ঘটে।



১৯২৫ সনে দার্জিলিং
দেশবন্ধুর মহাপ্রয়াণের পর
মহাত্মা গান্ধীর নেতৃত্বে
দেশবন্ধু স্মৃতি তহবিল
গঠিত হয়। গান্ধীজি নিজেই
সারা ভারতে ভিক্ষার পাত্র
নিয়ে ঘুরে বেড়ান দান
সংগ্রহের উদ্দেশ্যে।

১৯২৬ খ্রিস্টাব্দে

মহাত্মা গান্ধী মুর্শিদাবাদ জেলায় আসেন সেই উদ্দেশ্যে
নিয়েই। স্টেশন থেকে সোজা আসেন ব্রজভূষণ
গুপ্তের গৃহে। প্রাতঃরাশ ঈষৎউষ্ণ জলে লেবুর রস।
মধ্যাহ্ন আহার সেখানেই করার কথা ছিল। কিন্তু
ব্রজভূষণবাবুর একান্ত অনুরোধে সয়দাবাদে
রায়বাহাদুর বৈকুণ্ঠনাথ সেনের গৃহে বেলা ১টা নাগাদ
১ গ্লাস ছাগলের দুধ এবং একটি আপেল সহযোগে
মধ্যাহ্ন ভোজন করেন। বেলা ৩টে নাগাদ গান্ধীজি
কৃষ্ণনাথ কলেজ স্কুল হলে শহরের মহিলাদের সভায়
স্মৃতি তহবিলে দানের জন্যে আবেদন জানালে বহু
মহিলা নিজেদের দেহ থেকে স্বর্ণালঙ্কার খুলে দেন।
কৃষ্ণনাথ কলেজ স্কুল থেকে কৃষ্ণনাথ কলেজে
শিক্ষক-ছাত্রদের সামনে তিনি সকলকে দেশমাতৃকার
সেবায় নিয়োজিত হবার জন্যে অনুপ্রাণিত করে ভাষণ
দেন।

বেলা পাঁচটায় প্রকাশ্য সভার আয়োজন করা
হয়েছিল গ্রান্ট হলের দক্ষিণে প্রশস্ত মাঠে। সে মাঠ
এখন ৩৪ নম্বর জাতীয় সড়ক এবং এ ডি এম, এ এস

পি'র বাংলায় রূপান্তরিত। বহরমপুর শহরে তখন জনবসতি ছিল খুব বেশি হলে ২৫/৩০ হাজার। গান্ধীজির সভায় ৭/৮ হাজার শহরের নরনারীর সমাগম হয়। জেলাশাসক তখন আই সি এস আইরিশ যুবক এ ডি। যিনি সর্বসাধারণের কাছে এ ডি সাহেব রূপে সুপরিচিত। পুলিশ সুপার শান্তি ও শৃংখলা রক্ষার জন্যে পুলিশী ব্যবস্থার আয়োজন করছেন জেনে এ ডি সাহেব জানান, কোনো প্রয়োজন নেই। অহিংসার পূজারী মহাত্মা গান্ধীর সভার পুলিশ থাকবে না। যতক্ষণ সভা চলেছিল ততক্ষণ জেলাশাসক এ ডি ছোট সভামঞ্চের নীচে মাটিতে বসে থাকেন।

সভা শেষে গান্ধীজি জিয়াগঞ্জের উদ্দেশ্যে রওনা দেন। সঙ্গে ভুলাভাই দেশাই। মাঝে সয়দাবাদ রাজবাড়ির সামনে থাকেন। কাশিমবাজার মহারাজা মণীন্দ্রচন্দ্র নন্দী সেখানে অপেক্ষা করছিলেন। পথের উপরে নেমে এসে গান্ধীজির হাতে অশ্রুসজল নেত্রে পাঁচশো টাকা তুলে দেন। সে সময়ে দানবীর মণীন্দ্রচন্দ্রের খুবই আর্থিক সংকট চলছিল। সেকথা গান্ধীজি জানতেন। পাঁচশো টাকা দান কপালে ঠেকিয়ে মণীন্দ্রচন্দ্রকে বলেন, বোস্বাই, আমেদাবাদের কোটিপতি ব্যবসায়ীদের দানের চাইতে এ দান আমার কাছে অনেক মহান।

সন্ধ্যার কিছুক্ষণ আগে গান্ধীজিকে নিয়ে মোটরযান জিয়াগঞ্জ লোটা পার্কে পৌঁছায়। তখন

বুলন পূর্ণিমার চাঁদ উদীয়মান। জিয়াগঞ্জে আজিমগঞ্জের ধনী জৈন সম্প্রদায়ের পুরুষ-মহিলা, স্বদেশী ও বিপ্লবী আন্দোলনের প্রাণকেন্দ্র জিয়াগঞ্জের সর্বধর্ম সম্প্রদায়ের মানুষের ভীড়ে বহু ঐতিহাসিক ঘটনার সাক্ষী লোটা পার্ক উপচিয়ে পড়ে। উনত্রিশ হাজার টাকা দান সংগৃহীত হয়। বহরমপুরে সংগৃহীত হয়েছিল কুড়ি হাজার টাকা। সেবারে অবিভক্ত বাংলার জেলাগুলির মধ্যে মুর্শিদাবাদ জেলার সংগ্রহই ছিল সর্বাধিক।

অনুষ্ঠানের পর মহাত্মা গান্ধী, ভুলাভাই দেশাই আজিমগঞ্জের অন্যতম ধনকুবের নওলাক্ষার একান্ত প্রার্থনায় ঘণ্টাখানেকের জন্যে ভাগীরথীবক্ষে শেঠজীর সুদৃশ্য, আরামপ্রদ বজরায় অতিবাহিত করবার পর রাত্রে ট্রেনেই বিহার রাজ্যের উদ্দেশ্যে যাত্রা করেন।

১৯২৬ থেকে ১৯৪৮ এর ৩০শে জানুয়ারি এই বাইশ বছরের মধ্যে গান্ধীজি আর দ্বিতীয়বার জেলায় আসেননি।

(প্রতিবেদন রচনায় সংবাদ সূত্র : ব্যক্তিগত আলাপচারিতায় প্রতিবেদকের ডায়েরীতে লিপিবদ্ধ করে রাখা তথ্যসমূহ সত্যানন্দ গুপ্ত, কমলাকান্ত ভট্টাচার্য, শ্যামাপদ ভট্টাচার্য, জ্ঞানেন্দ্রনাথ সেনগুপ্ত, শশাঙ্কশেখর সান্যাল, নিরঞ্জন গুপ্ত, ত্রিদিবকুমার চৌধুরী প্রমুখ স্বাধীনতা সংগ্রামী ও দেশপ্রেমিকের কাছ থেকে সংগৃহীত।)

সৌজন্যে : 'জনমত', ৩৭ বর্ষ, ৩৮ সংখ্যা

রাখাল দা’—আমার দৃষ্টিতে

শীতাংশু চট্টোপাধ্যায়

কবি সুধীন্দ্রনাথ দত্ত লিখেছিলেন, “আমি এই শতাব্দীর সমান বয়সী।” প্রয়াত বিপ্লবী রাখালচন্দ্র দেও ছিলেন বিগত শতাব্দীর সমান বয়সী। ১৯০০ সালে ৬ই জুন তাঁর জন্ম। এ বছর ঐ দিনে তাঁর ১০৩তম জন্মদিন পালিত হবে। গত বৎসর ৪ঠা মে তিনি প্রয়াত হয়েছেন।

এই প্রবীণ বিপ্লবীর সঙ্গে আমার সাক্ষাৎ লাভের সৌভাগ্য হয়েছিল ১৯৯৮ সালের ডিসেম্বর মাসে, ধূপগুড়ির বিদ্যাশ্রমে। গান্ধী মেমোরিয়াল কমিটির সম্পাদক এবং গান্ধীবাদী মহলে সুপরিচিত লেখক শ্রীভবানীপ্রসাদ চট্টোপাধ্যায়ের সঙ্গে সেবার বিদ্যাশ্রমে যাই, যতদূর মনে পড়ে ‘জাতীয় সংহতি’ বিষয়ে একটি আলোচনায় যোগ দিতে। তিন দিন (২-৪ ডিসেম্বর) ছিলাম সেই আশ্রমে। আশ্রমের শান্ত পরিবেশ আমাকে মুগ্ধ করেছিল। সেইখানেই দেখা পেয়েছিলাম শীর্ণকায় ঋষিপ্রতিম এই মানুষটির। শীতের সকালের রৌদ্রে বসে নগ্ন দেহের উপর একটি মোটা খদ্দেরের চাদর জড়িয়ে চরকায় সুতো কাটছেন, কখনও বা জাঁতায় গম পিষছেন। শুনলাম নিজের সামান্য আহারের জন্য গম ভেঙে আটা প্রস্তুত করা তাঁর প্রতিদিনের অভ্যাস। গান্ধীজি বলেছিলেন এদেশের গ্রামগুলিকে অন্ন বস্ত্রে স্বাবলম্বী করে তুলতে; বলেছিলেন ‘bread labour’—এর কথা; প্রত্যেককেই কায়িক শ্রম দিয়ে নিজের অন্ন বস্ত্র উৎপাদন করতে হবে। এদেশের গ্রামগুলি অন্ন বস্ত্রে স্বাবলম্বী নয়। শ্রম নির্ভর জীবন চর্যা আজ উপেক্ষিত। যন্ত্র এসেছে

মানুষের শ্রমভার লাঘব করতে। জীবিকা অর্জনের জন্য এখন আর মাথার ঘাম পায়ে ফেলতে হয় না। অ্যামেরিকায় নিরন্তর চেষ্টা চলছে যাতে মানুষের নড়ে বসতে না হয়। ফলত, মেদস্ফীতি (obesity) বশত ও দেশে বহু লোক দুরারোগ্য নানা ব্যাধির শিকার হয়ে উঠেছে। এ দেশেও বিস্তারিত ব্যক্তির সেই অবস্থা। কিন্তু সে অন্য কথা।

সেদিন তাঁর সম্পর্কে এইটুকু শুনেছিলাম যে তিনি একদা মাস্টার দা’—বিপ্লবী সূর্য সেন—এর অনুগামী ছিলেন এবং সন্ত্রাসমূলক কাজকর্মে লিপ্ত হয়ে দীর্ঘকাল কারাবাস করেছেন। পরে গান্ধীজীর পথে চলতে শুরু করেন। প্রয়াত ধীরেন্দ্রনাথ দাশগুপ্ত প্রতিষ্ঠিত বিদ্যাশ্রমে তিনি আছেন গত প্রায় অর্ধ শতাব্দীকাল যাবৎ।

কিন্তু এই প্রবীণ বিপ্লবী যে কেবল বৈপ্লবিক (হিংস্রাশ্রয়ী ও অহিংস) কর্মকাণ্ডেই সারা জীবন অতিবাহিত করেছেন তাই নয়। তিনি যে সত্যই এক দুর্লভ ঋষি প্রজ্ঞার অধিকারী, সে পরিচয় পেয়েছি তার পরে, ধীরে ধীরে। সেদিন অবশ্য তাঁর কালজীর্ণ তপঃশীর্ণ ঋষি কলেবর দেখেই শ্রদ্ধায় আমার মাথানত হয়েছিল। তিনি প্রথমে আমার প্রণাম গ্রহণ করতে সঙ্কোচ বোধ করেছিলেন, কিন্তু যখন বললাম, আমি আমার প্রণম্য,—তিনি আর বাধা দেননি।

এরপর প্রায় দীর্ঘ ১৩ বৎসর তাঁর সঙ্গে পত্র বিনিময় হয়েছে, পরস্পরের মধ্যে ভাবনা চিন্তার আদান-প্রদান। আমার অনুরোধে তিনি আমাদের

‘লোক স্বরাজ’ পত্রিকায় অনেক লেখা দিয়েছেন। ছোট ছোট লেখা। প্রত্যেকটি লেখা-ই অনুভব-স্বাদ প্রজ্ঞার হীরক দ্যুতিতে ভাস্বর।

তাঁর প্রকৃত পরিচয় পাই, তাঁর অন্তর্লোকের—প্রথমে তাঁর ‘বন্দীর জীবন স্মরণিকা’ বইটি পড়ে। বইটি পড়ি তাঁর সঙ্গে প্রথম পরিচয়ের স্বল্পকাল পরেই। পড়তে পড়তে মুগ্ধ বিস্ময়ে আবিষ্কার করি একদা রুদ্রপত্নী এই বিপ্লবীর মধ্যে এক কবি-দার্শনিককে। বস্তুত ‘বন্দী জীবন স্মরণিকা’ এক বিপ্লবীর জীবনে ধীরে ধীরে এক সুগভীর আধ্যাত্মিক চেতনার উন্মেষ ও বিকাশের—লেখকের ‘spiritual odyssey’-র কাহিনি। কারোয়ার সেলের নিঃসঙ্গ কারাকক্ষে দীর্ঘকাল প্রায় মৃত্যুর মুখে দাঁড়িয়ে তাঁর সেই চেতনার উন্মেষ ঘটেছে। যেমন ঘটেছিল যমবাসের সম্মুখস্থ হয়ে নচিকেতার। কিন্তু রাখাল দা’র এই আধ্যাত্মিকতার পথে অভিযাত্রার পটভূমি ভিন্ন। এ দেশে অনেক প্রখ্যাত ব্যক্তির কারা-কাহিনি পড়েছি। কারাগারেই শ্রী অরবিন্দ ও তার এক বছর পূর্বে বিপিনচন্দ্র পাল-এর আধ্যাত্মিক উপলব্ধি (বাসুদেবঃ সর্বমিতি) ও চেতনার রূপান্তরের কাহিনিও পড়েছি।

রাখাল দা’র ‘বন্দীর জীবন স্মরণিকা’ও ‘কারাকাহিনী’। কিন্তু এর একটু বৈশিষ্ট্য আছে। সুদীর্ঘকাল নির্জন কারাবাসের অবসর মুহূর্তগুলিতে ‘অতীতের দিনগুলিকে নতুন দৃষ্টিতে নিত্য নতুন করে দেখার অভ্যাস’ করেছিলেন তিনি। জীবন স্মরণিকায় আছে তাঁর সেই জীবনকে নিত্য নতুন করে দেখার পরিচয়। লেখক এই বইটির মুখবন্ধে লিখেছেন, “আমার হৃদয়বীণার সঙ্গে একই সুরে বাঁধা অন্য কোনও হৃদয়বীণা যদি প্রস্তুত হয়ে থাকে তবে আমার সুর তাঁদের হৃদয়েও বঙ্কিত হবে।” অন্য পাঠকদের কথা জানি না, তবে অকপটে বলতে পারি, বইটি পড়তে পড়তে আমার হৃদয়বীণাও তারস্বরে তাঁর সুরে বঙ্কিত হয়েছে। আমি অবশ্য

বিপ্লবী ছিলাম না কোনোদিনই।

॥ দুই ॥

রাখাল দা’ তাঁর জীবন স্মরণিকায় লিখেছেন, জীবনী লেখা হতে পারে দু’রকমের— এক জীবনের বহির্ভাগের ঘটনা (তথ্য) নিয়ে, আর এক, জীবনের অন্তিম লক্ষ্যকে (তত্ত্ব) ভিত্তি করে, এবং তার সঙ্গে সামঞ্জস্য রেখে জীবনের বাহ্য ঘটনাগুলিকে সাজিয়ে তুলে’। তাঁর জীবনে এই দুটি ধারাই পাশাপাশি কীভাবে প্রবাহিত হয়ে তার পরিণতির দিকে গিয়েছে, ‘জীবন স্মরণিকায় আমরা পাই তারই পরিচয়।

স্মৃতিচারণ শুরু হয়েছে চট্টগ্রামে তাঁর শৈশবকাল থেকে। বাড়ির কাছেই কর্ণফুলী নদী, ওপারে পাহাড়। তিনি লিখেছেন, নদীর স্রোত, বনানীর হরিৎ শোভা আকাশের নীলিমা, পাহাড়ের প্রশান্তি, পাখির কলবর’, সব মিলিয়ে তাঁর কিশোর মনকে আচ্ছন্ন করে থাকত। সেই সঙ্গে বৈষ্ণব দাদার মুখে শেখা হরি সঙ্কীর্তন। ‘অনুদঘাটিত রহস্যে ভরা সেই গান।’ প্রকৃতি প্রেম, ঈশ্বর প্রেম-মিলেছে একই সঙ্গে। এ ছিল জীবনের অদিপর্ব-‘শান্তম্’ ও ‘সুন্দরম্’-এর অনুভবে তন্ময়।

কিন্তু একদিন জীবনে দেখা দিল রুদ্রের! ইস্কুলে পড়ার সময় মাস্টার দা’র সান্নিধ্যে এসে। চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের নেতা রুদ্রপত্নী বিপ্লবী সূর্য সেন। মাস্টার দা অবশ্য ইস্কুলের ছাত্রদের কাছে বিপ্লবের বাণী প্রচার করতেন না। তিনি কেবল ‘চরিত্র গঠন, সংসাহস এবং জনসেবা, দেশ সেবা’ ইত্যাদি বিষয়ে উৎসাহ দিতেন।

অগ্নিযুগের বিপ্লবীরা সেদিন প্রেরণা পেয়েছিলেন বঙ্কিমচন্দ্রের ‘আনন্দমঠ’ উপন্যাস থেকে। স্বামী বিবেকানন্দের রচনাবলী থেকে,— বিশেষত তরণ ভারতবাসীর কাছে তাঁর উদাত্ত আহ্বান শুনে— ‘হে ভারত। ভুলিও না, তুমি জন্ম

হইতেই মায়ের জন্য বলি প্রদত্ত।... ভুলিও না, তোমার জীবন ইন্দ্রিয় সুখের, নিজের ব্যক্তিগত সুখের জন্য নহে; ভুলিও না, নীচ জাতি, দরিদ্র অঙ্গ মুচি মেথর তোমার রক্ত, তোমার ভাই...। আর প্রেরণা পেয়েছেন শ্রীমদভগবত গীতা থেকে,— অর্জুনের প্রতি ভগবান শ্রীকৃষ্ণের উপদেশ, ক্লৈব্য পরিহার কর; ধর্মযুদ্ধে প্রাণ দিলে আত্মার স্বর্গলাভ, আত্মার বিনাশ নেই।...

মাষ্টার দা'র সান্নিধ্যে এসে ক্রমশ রাখালচন্দ্র স্বাদেশিকতায় দীক্ষা নিলেন, দাসত্ব শৃঙ্খল মোচন করে দেশ স্বাধীন করার ব্রত। 'বন্দে মাতরম্' ধ্বনি সেদিন তরণে ভারতকে স্বদেশের মুক্তির জন্য আত্মবলিদানের প্রেরণা দিয়েছিল। রাখাল দা'র জীবনে ক্রমশ প্রকৃতি প্রেম, হরিপ্রেমের স্থান অধিকার করল স্বদেশ প্রেম।

তবে তাঁর প্রকৃতি প্রেম যে বিপ্লবের আগুনেও দন্ধ হয়ে যায়নি, তার পরিচয় পাই কারোয়ার জেলে যাবার পথে বনরাজি শোভিত সুউচ্চ পশ্চিমঘাট পর্বতমালার শোভার বর্ণনায়। তিনি লিখেছেন কারোয়ারে পর্বত, সমুদ্র, সমুদ্র উপকূলের সার্পিলা সৈকত ভূমির সমান্তরাল ঘন সুনিবিড় নারিকেল কুঞ্জ, ঝাট-এর শ্রেণী...সমস্ত মিলে এক নৈসর্গিক শোভার খনিতে পরিণত করেছে।' কারোয়ার-এর উঁচু পাঁচিল দিয়ে ঘেরা নির্জন কারাকক্ষের ফাঁক দিয়েও বাইরে অনন্ত নীল আকাশের দিক, সমুদ্রের দিকে তাকিয়ে তিনি নিঃসঙ্গ কারাবাসের যন্ত্রণা ভুলেছেন। হয়তো এই প্রকৃতি প্রেম যা জীবন প্রেমেরই (biophilia) অভিব্যক্তি, তাঁকে ধীরে ধীরে আত্মহননের পথ থেকে ফিরিয়ে এনেছে! সে কথা পরে হবে।

রাখালচন্দ্র সেদিন ধীরে ধীরে জড়িয়ে পড়লেন



মাষ্টার দা

হিংসাশ্রয়ী, রুদ্রপস্থানুসারী স্বদেশি আন্দোলনে। এই পথে ছিল গুপ্ত হত্যার দ্বারা বিদেশি শাসকের মনে ত্রাস জাগানোর চেষ্টা, আর সেই কারণেই গোপনে যড়যন্ত্র চুরি ডাকাতি করে অর্থসংগ্রহ। বস্তুত এইভাবেই স্বদেশ প্রেম অন্তর্হিত হল। বিদেশি শাসকের প্রতি বিদ্বেষ বশতঃ গোপন হিংসার পথে বিপ্লবের উদ্যোগ ক্রমশ বিপ্লবীদের মধ্যেই পরস্পরের প্রতি অবিশ্বাস, কখনও কখনও সন্দেহবশত দলের লোকদেরও প্রাণনাশের ঘটনায় পরিণত হল। এই পথের এই বীভৎস পরিণতির দিকে সেদিন রবীন্দ্রনাথ আমাদের দৃষ্টি আকর্ষণ করেছিলেন তাঁর 'চার অধ্যায়' উপন্যাসে।

বস্তুত বিপ্লবীরা বঙ্কিমচন্দ্র, স্বামী বিবেকানন্দ এবং শ্রীমদভগবতগীতা থেকে প্রেরণা পেলেও মনে হয় যেন এঁরা এঁদের বাণীর যথার্থ্য উপলব্ধি করতে পারেননি। ব্যক্তিগতভাবে বিপ্লবী নেতারা অনেকে উন্নত চরিত্রের অধিকারী, স্বার্থবুদ্ধিশূন্য ও নিরাসক্ত হলেও গীতার কর্মযোগের গভীর তাৎপর্য তাঁরা হৃদয়ক্ষম করেননি। ধর্মযুদ্ধে শত্রুর প্রাণ নাশ করে স্বর্গপ্রাপ্তির প্রতিশ্রুতি সম্প্রতি আত্মঘাতী ইসলামী সন্ত্রাসবাদীদের প্রতি বিন লাদেন-এর নির্দেশেও পাওয়া যায়। কিন্তু গীতায় যে ভগবান বলেছেন যুদ্ধ করতে হবে নিবৈরঃ সর্বভূতেষু' হয়ে (১১/৫৫)—সর্বভূতে (শত্রুর প্রতিভ) বৈরভাব ত্যাগ করে—এই কথাটার সুগভীর অর্থ সেদিন তাঁদের কাছে স্পষ্ট হয়নি।

পরবর্তীকালে গান্ধীজীই তাঁর গীতার ব্যাখ্যায় এই দিকটির প্রতি আমাদের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করেন। তাঁর অহিংস প্রতিরোধের নীতিতে শত্রুর প্রতি বিদ্বেষ ছিল না; ছিল সর্বভূতে প্রেম,—

শত্রুর প্রতিও। গীতায় ভক্তের যে লক্ষণ বলা হয়েছে ‘অদ্বেষ্টা সর্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ, (১২/১৩) গান্ধীর মধ্যে তা ছিল সুপরিব্যক্ত। স্বদেশ প্রেমকে এইভাবে সর্বভূতে প্রেমে রূপান্তরিত করাই ছিল গান্ধীজীর স্বদেশ তথা স্বরাজ ভাবনার মূল কথা।

আরব সাগরের উপকূলবর্তী কারোয়ার-এর জেল-এর নির্জন কারাকক্ষে দীর্ঘ চার বৎসর যাপনকালে মাস্টার দার অনুগামী বিপ্লবী রাখালচন্দ্রের মনেও একদিন সেই উপলব্ধি এনেছিল তাঁর জীবনে রূপান্তর। বিপ্লবীদের অনেক কার্যকলাপ সম্পর্কেও তাঁর মনে সংশয় জেগেছে। তাঁর স্বভাব-বিরোধী এই কার্যকলাপে তাঁর মন মাঝে মাঝেই বিদ্রোহ করেছে। খোলা পথে ‘বন্দে মাতরম্’ ধ্বনি দিয়ে বিদেশি কাপড়ের দোকানে পিকেটিং করেই তিনি বেশি আনন্দ পেতেন। কিন্তু আদর্শনিষ্ঠ উন্নতচরিত্র মাস্টার দার প্রতি ছিল তাঁর অবিচল শ্রদ্ধা। তাই সেই সংশয় চাপা দিয়েই তিনি এগিয়ে গেছেন মাস্টার দার নির্দেশ মতো। ‘হয় করো, নয় মরো’—এই সঙ্কল্প নিয়ে; ‘কেন, এ প্রশ্ন করার অধিকার তোমার নেই’ অবশ্য গুপ্ত হত্যা, ডাকাতি প্রভৃতি কাজে তিনি লিপ্ত হননি, কিন্তু দাদার টাকা চুরি করে তিনি ‘দেশের কাজে’ উৎসর্গ করেছেন। এবং এইভাবে চলতে চলতেই তিনি একদিন দক্ষিণেশ্বরের বোমার মামলার এবং পরে আলিপুর সেন্ট্রাল জেল-এ ডি. সি. সি. ভূপেন চ্যাটার্জিকে হত্যার মামলায় জড়িত হয়ে ১৯২৬ সালে যাবজীবন কারাদণ্ড লাভ করেন। কারাদণ্ড লাভের পরই তাঁকে সুদূর আরব সাগরের উপকূলে কারোয়ার জেল-এ পাঠানো হয়। সেখানেই একটানা চার বছর তাঁকে নির্জন কারাকক্ষে অতিবাহিত করতে হয়।

॥ তিন ॥

কারোয়ার জেল-এর প্রথম ছয় মাস তাঁকে নির্জন ‘লক-আপ’এ আটক রাখা হয়। নিঃসঙ্গ কারাবাসের

সেই প্রথম ছয় মাসই তাঁর কাছে অত্যন্ত দুঃসহ হয়ে উঠেছিল। তিনি লিখেছেন, “সেই নির্জন বাসে না ছিল কোনও খোলামেলা পরিবেশ, না ছিল কোনও কাজকর্ম বা পড়াশুনার সুযোগ। সঙ্গী ছিল একমাত্র আমার ছেদ ছিদ্রহীন চিন্তা প্রবাহ।” নিঃসঙ্গের একমাত্র সঙ্গী চিন্তা। অনেক বিনিদ্র রাতে তাঁর কখনও মনে হয়েছে হয় তো পাগল হয়ে যাবেন। এক এক সময় আত্মহত্যার কথাও ভেবেছেন। কিন্তু নিরন্তর আত্মসমীক্ষার ভিতর দিয়েই তিনি ফিরে পেয়েছেন মানসিক ভারসাম্য। আত্মহননের চিন্তা ত্যাগ করে আত্মানুসন্ধান। নিজের কাছে নিজের স্বরূপ প্রকাশের জন্য চলেছে মনের সঙ্গে মহামহুঁন। আত্ম সংশোধনের ভিতর দিয়ে নিজেকে নতুন করে গড়ে তোলার নিরলস নির্জন সাধনা। কারোয়ার জেলকে তাই তিনি বলেছেন তাঁর ‘পুনর্জন্মের আঁতুড় ঘর’, ‘নবজন্মের তোরণদ্বার’, নিজেকে নতুন করে গড়ে তোলার নতুন পথে চলার শিক্ষা গ্রহণের ‘পাঠশালা’।

কারাকক্ষের চারিদিকে ছয় ফুট উঁচু নিচ্ছিদ্র পাথরের দেওয়াল। তার মধ্যে তিনি বন্দী। কিন্তু কেবল দেহটাই বন্দী। মনকে বন্দী করে কে? মাথার উপর উদার অনন্ত আকাশের বিস্তৃতি। সেই দিকে তাকিয়ে থাকতে থাকতে তিনি উপলব্ধি করেছেন, ‘আমার মুক্তি আলোয় আলোয়, ওই আকাশে।’

আসলে, মানুষের প্রকৃতমুক্তি তো দেহাত্মবোধে এই দেহটাই আমি, এই সঙ্কীর্ণ ভাবনা ছাড়িয়েই। বস্তুত মানুষ তো দেহ নয়, সে আত্মা, সেই তার সত্য পরিচয়। দেশ-কালের সীমা ছাড়িয়ে আছেন সর্বব্যাপী এই আত্মা-মানুষের প্রকৃত স্বরূপ। উপনিষদে বলেছে, সেই আত্মা ‘সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ’-সর্বদা সর্বজনের হৃদয়ে সন্নিবিষ্ট হয়ে আছে। ঈশোপনিষদ বলেছেন, ‘যস্ত সর্বাণি ভূতানি আত্মন্যেবানুপয্যতি। সর্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে’। যিনি সকল প্রাণীকে আপন আত্মায়

এবং আপন আত্মাকে দেখেন সকল প্রাণীর মধ্যে, তিনি আর কাউকে বিদ্বেষ বা ঘৃণা করেন না। জুগুপ্সা—অপরের প্রতি বিদ্বেষ। বিদ্বেষ আসে ভয় থেকে। পরকে ভয়। অপর থেকে নিজেকে পৃথক করে দেখার জন্যই এই ভয়। আত্মরক্ষার জৈব প্রকৃতি-জাত। এ হল চেতনার সঙ্কোচ। এ থেকেই আসে মানুষ মানুষে বৈরভাব, হিংসা, মারামারি, যুদ্ধ।

আসলে আমাদের শত্রু তো বাইরে নেই, আছে আমাদের মধ্যেই। গীতায় বলেছে যিনি অনাত্মা-অজিতাত্মা, তিনি নিজেই নিজের শত্রু, (৬/৬) কাম, ক্রোধ বিদ্বেষ এগুলিই আমাদের শত্রু। গীতায় এদেরই জয় করতে বলা হয়েছে। (৩/৪৩) বৈরীনাশ নয়, বৈরনাশ, বৈর জয়, আত্মজয়, মন জয়। আত্মজয়ের দ্বারা আত্মোপলব্ধি, তখন কেউ-ই পর (শত্রু) নয়। সবাই আপন। সবার মধ্যেই নিজেকে দেখা। স্বরূপোপলব্ধি। দেশের রাষ্ট্রিক স্বাধীনতার চেয়ে বড়ো লাভ। স্বদেশের মুক্তির সন্ধানে বেরিয়ে বিপ্লবী রাখালচন্দ্র এইভাবে এক ব্যাপকতর মুক্তির সন্ধান পেলেন।

একদিন স্বাদেশিকতার পর্বে যিনি স্বদেশের মুক্তির জন্য হিংসাশ্রয়ী বিপ্লবের পথে নেমেছিলেন, সেই পথ যে অন্ধতমসাবৃত এক নরকে যাবার পথ, বিদেশি শত্রুর বিরুদ্ধে বিদ্বেষ যে শেষ পর্যন্ত নিজেদের মধ্যেই পারস্পরিক সন্দেহ ভয় ও বিদ্বেষে পরিণত হয়েছে। তা দেখেও সেদিন তিনি তাঁর মনের সংশয়কে চাপা দেবার চেষ্টা করে নিজের স্বভাব বিরোধী কাজ করেছিলেন। নির্জন কারাকক্ষে নিভূতে চিন্তার অবসর পেয়ে তিনি ক্রমশ জানতে পারলেন, এইভাবে নিজের প্রকৃত স্বভাবকে হত্যা করাই ছিল যথার্থ আত্মহত্যার পথ। এবং নিরন্তর আত্মানুসন্ধানের ভিতর দিয়ে সেদিন তিনি উপলব্ধি করলেন গীতার সেই মহান উক্তির যথার্থ্য যিনি সর্বভূতে ঈশ্বরকে সমবস্থিত দেখেন, তিনি আর

আত্মা দ্বারা আত্মাকে হনন করেন না। (১৩/২৮)

কারাক্ষের নিঃসঙ্গ দিনগুলোয় তাঁর অন্তরে প্রবল হয়ে উঠেছিল জীবন জিজ্ঞাসা। যার মনে এই জিজ্ঞাসা জাগে না, সে প্রকৃত অর্থে বাস্তব জীবনযাপন করে। কিন্তু মানুষ তো, রাখাল দাঁর ভাষায়, শুধু জীবন যাপন করে না; সে জীবন সাধন করে। “জীবন কী, জীবনের উদ্দেশ্য কী, তার পরিণতি কী?”— এই সব প্রশ্ন সেদিন তাঁর চিন্তকে মথিত করেছে। ‘জীবন স্মরণিকা’ আসলে সেই মহামহুনের কাহিনী। অরণি মহুনের দ্বারা জ্বলে ওঠে হোমাগ্নি। ধ্যান নির্মথন দ্বারা প্রজ্বলিত হয় চিদগ্নি, যে অগ্নিচয়নের বিদ্যা নচিকেতা শিখতে চেয়েছিলেন যমরাজের কাছে। নিরন্তর সংশয় ও প্রত্যয়ের দোলাচলে মথিত রাখালদার চিত্ত তাঁর জিজ্ঞাসার শেষ উত্তর পেয়েছেন। বরণা যেমন ঋজু কুটিল নানা পথ বেয়ে শেষে সমুদ্রের মধ্যে মিলিত হয়, তেমনি মানুষের জীবন প্রবাহও নানা আঁকা-বাঁকা পথে ঘুরে শেষে পরিণতিলাভ করে ঈশ্বরের কাছে সম্পূর্ণরূপে আত্মসমর্পণে। সর্বব্যাপী এই ঈশ্বরই সর্বভূতের অন্তরশায়ী পরম পুরুষ। তার কাছে আত্মসমর্পণের দ্বারাই মানুষ তার ক্ষুদ্রাহং-এর নানা সন্ধি (দেশাত্মবোধও এই অহং বোধের-সমষ্টি অহং-এর প্রকারান্তর) পার হয়ে পরিণামে সর্বভূতাত্মা হয়ে ওঠে। তখন সর্বত্রই ঈশ্বর দর্শন। এইভাবে একদিন রাখাল দাঁর বিশ্বরূপ দর্শন হয়েছিল কারোয়ার জেলের নির্জন কারাকক্ষে।

এইভাবে সামগ্রিক দৃষ্টিতে জীবন ও জগৎকে দেখাই সম্যক দৃষ্টি, সত্য দর্শন। রবীন্দ্রনাথ লিখেছেন, ‘এ বিশ্বেরে দেখি তার সমগ্র স্বরূপে।’ সব কিছু নিয়ে, সব মিলিয়ে জীবন ও জগৎকে দেখাই সত্য দেখা। গান্ধীজী এই সত্যকেই বলেছেন ঈশ্বর, আর সত্যকে, ঈশ্বরকে পাওয়ার পথ হল অহিংসা, অর্থাৎ সর্বভূতে প্রেম।

এইভাবে রাখালচন্দ্রের মন এই দীর্ঘ

কারাবাসের কালেই নিরন্তর আত্মসমীক্ষা, আত্মসংশোধন আত্মানুসন্ধানের ভিতর দিয়ে ধীরে ধীরে গান্ধীজীর পথে চলা শুরু করেছে।

যাত্রা শুরু হয় জেলে একদিন এক ঘটনায়। ১৯৩০ সাল। রাখাল দাঁকে তখন নির্জন কারাকক্ষ থেকে বাইরে এনে জেনারেল ওয়ার্ড-এ রাখা হয়েছিল। সেই সময় গান্ধীজীর সত্যাগ্রহ আন্দোলনে যোগ দিয়ে অনেক সত্যাগ্রহী কারোয়ার জেলে আসেন। একদিন সন্ধ্যায় লক-আপ-এ বন্দী এক ছোকরা কয়েদীকে এক জমাদার তার হাতের ব্যাটন দিয়ে ঠেলে সেল-এর মধ্যে ঢোকাতে চেষ্টা করছিল। ছেলেটি তার জ্বরের ওষুধ আনার জন্য জেল-এর ডিসপেন্সারিতে যেতে চাইছিল। জমাদার-এর এই অন্যায় আচরণ দেখে রাখাল দাঁ ত্রুন্ধ হয়ে সেই জমাদারকে ঠেলে সরিয়ে দিতে যান। জমাদারটি সেই ধাক্কা সামলাতে না পেরে পড়ে যায়। এর পরের দিন একজন সত্যাগ্রহী রাখাল দাঁর মুখেই এই ঘটনার বিবরণ শুনে হেসে বলেন, ঐভাবে ওই জমাদারকে আঘাত করা ঠিক হয়নি। দোষ জমাদারের নয়। সে বেতনভোগী কর্মচারী। কর্তার হুকুম পালন করছে মাত্র। জমাদার লোকটি অত্যন্ত গরিব। সে এদেশেরই লোক। এদের সেবা করাই তো আমাদের কাজ। সেই তো প্রকৃত দেশ সেবা।

এই সত্যাগ্রহী ছিলেন কর্ণাটক-এর ‘নায়ক মান্তর’ তিমাঙ্গা শ্রীনিবাস নায়ক।


নায়ক মান্তর-এর কথায় রাখাল দাঁর চোখ খুলে গেল। দেশ সেবার অর্থ যে দেশের মানুষকে ভালবাসা, দেশের দরিদ্র মানুষের ‘দরিদ্র নারায়ণের’ সেবা, এ কথা তিনি এর আগে এমন করে উপলব্ধি করেননি। এমন কি স্বামী বিবেকানন্দের রচনা পড়েও না। এতদিন স্বদেশ প্রীতির প্রকাশ ছিল বিদেশি শাসকদের প্রতি, দেশের শত্রুর প্রতি বিদ্বেষে। ‘নায়ক মান্তর’-এর কথায় বিদ্বেষ পরিণত

হল প্রেমে।

গান্ধীজীর চিন্তার স্বদেশপ্রীতির দেশ সেবার এই অর্থ পেয়ে তদবধি তাঁর ‘চিন্তাধারার মোড় গান্ধীপথের দিকে ঝুঁকতে শুরু করে।’ এখন তিনি রুদ্দের ‘দক্ষিণমুখ’, কল্যাণতম মুখে দেখেছেন। সবার মধ্যে নিজের স্বরূপ দর্শন করে তিনি চলতে শুরু করলেন শান্ত হয়ে মঙ্গল কর্মের পথে। এই পথে তাঁর উপলব্ধি ‘শান্তম্শিবম্ অদ্বৈতম্।’

॥ চার ॥

দীর্ঘ কারাবাসের মেয়াদ শেষ হল ১৯৩৭ সালে। নায়ক মান্তর-এর কাছে গান্ধী পথের সন্ধান পাবার



পর আন্দামান জেল থাকার সময় (১৯৩৩-১৯৩৭) তিনি তাঁর ভবিষ্যৎ জীবনের কর্মপন্থা স্থির করেন। চরকার মাধ্যমে গ্রাম গঠন। তাঁর এক বন্ধুর কাছে সন্ধান পান ধীরেন্দ্রনাথ দাশগুপ্ত পরিচালিত ‘বিদ্যাশ্রমের’। জেল থেকে বেরিয়ে কিছু দিন সেখানে কাজ করার পর তাঁর ডাক পড়ল শ্রীহট্টের বাসিরকুল আশ্রমে। সেখানেই তিনি প্রথম ধীরেন্দ্রনাথ দাশগুপ্তকে দেখেন। রাখাল দাঁ লিখেছেন “ধীরেন দাঁকে দেখলাম গীতার সাকার মূর্তি।”

কিছুদিন সেখানে থাকার পর তাঁর ডাক আসে আহম্মদনগরে। ডা. কাল্লের আহ্বান। ডা. কাল্লে (পুরো নাম রামরাও আনাপ্পা কাল্লে) ছিলেন দক্ষিণ

কর্ণাটকের লোক। ১৯৩০ সালে সত্যাগ্রহ ও আইন অমান্য আন্দোলনের সময় তিনি কারওয়ার জেলে ছিলেন ডিস্ট্রিক্ট সিভিল সার্জন ও জেল সুপারটেন্ডেন্ট রাখাল দা লিখেছেন, “উনি (ডা. কাল্লে) ছিলেন আমার কারোয়ার জেলে নবজন্মের আঁতুড় ঘরের ধাত্রী। আমার নবজন্ম ও পুষ্টির প্রয়োজনীয় সমস্ত রসদ ইনি আমাকে যুগিয়ে দিয়ে আমাকে অপত্য স্নেহে লালন করেছেন। এঁর কথা সবিস্তার বর্ণনা করা হয়েছে জীবন স্মরণিকার এক অধ্যায়।

আহম্মদাবাদ থেকে ফেব্রার পথে ঘটনাচক্রে বোম্বাই শহরে কাকাসাহেব কালেলকর-এর সঙ্গে তাঁর পরিচয় হয় ট্রেনে, আর কাকা সাহেবই তাঁকে টেনে নিয়ে যায় ওয়ারধায় এবং সেখানে কিশোরলাল মশরুওয়ালা, দাদা ধর্মাধিকারী, আন্না সাহেব সহস্রবুদ্ধে, আশা দেবী আর্থনায়কম্ প্রমুখ গান্ধীজীর ঘনিষ্ঠ মহলের কয়েকজনের সঙ্গে তাঁর পরিচয় করিয়ে দেন। আন্না সাহেব সহস্রবুদ্ধের সঙ্গে মূল খাদি বিদ্যালয়ে গিয়ে সেখানে দু’মাস থেকে চরকার খুঁটিনাটি নির্মাণ মেরামতি কারিগরি ইত্যাদি শিখে নিয়ে আবার ওয়ার্ধায় যান এবং বিনোবাজীর লালবাড়ি আশ্রমে ডান হাতে বাম হাতে তক্লি ও বাস্ক চরকায় সুতো কাটা শিখে নেন। ওয়ার্ধায় গান্ধীজীর সঙ্গেও তাঁর সাক্ষাৎ ও আলাপ হয়। অতঃ পর আশীর্বাদ নিয়েই তিনি ধীরেন দা’র বিদ্যাশ্রমে ‘পূর্ণ প্রস্তুতিতে কর্মক্ষেত্রে বাঁপিয়ে পড়েন।

দেশ বিভাগের পর ১৯৫০ সালে দ্বিখণ্ডিত বাংলায় বিদ্যাশ্রম স্থাপিত হল ধুপগুড়ি জেলার শ্বাপদ-সর্প-সঙ্কুল এক জঙ্গলাকীর্ণ অঞ্চলে। সেখানেই জঙ্গল পরিষ্কার করে আশ্রমের কাজ শুরু হল পূর্ণোদ্যমে—স্বাবলম্বী গ্রাম গঠন করে গ্রামস্বরাজ প্রতিষ্ঠার উদ্দেশ্য নিয়ে। আশ্রমে তখন গোপালন হত; চরকা তাঁত তেলঘানি ছিল। সেখানে গুড় চিনি, হাতে তৈরি কাগজ, বাঁশ থেকে

দেশলাই-এইসবও প্রস্তুত করা হত। আমি যখন আশ্রমে যাই (১৯৯৮ সালে) তখন অবশ্য এই কর্মক্ষেত্রে অনুষ্ঠান বন্ধ হয়ে গেছে গান্ধীর মৃত্যুর পর থেকেই তাঁর রচনাত্মক কর্মসূচি নিয়ে স্বাবলম্বী গ্রাম গড়ে তুলে গ্রাম স্বরাজ প্রতিষ্ঠার উদ্যোগ পরিত্যক্ত হয়েছে; সরকারি উদ্যোগে দ্রুত শিল্পোন্নয়নের পরিকল্পনা চালু হয়েছে।

এই আশ্রমেই আমৃত্যুকাল রাখাল দা’র সার্বাঙ্গীণ জীবন সাধনা চলেছে। সেদিন তিনি এই সব গঠনমূলক কাজও করেছেন, আর সেই সঙ্গে চলেছে গীতা উপনিষদ প্রভৃতি শাস্ত্রের নিরন্তর অনুধ্যান। কারোয়ার জেলে থাকার সময় থেকেই (শেষ দিকে) সংস্কৃতে ব্যুৎপত্তি লাভ করে (সেই সঙ্গে ইংরাজিও) এই সব শাস্ত্র অধ্যয়নের সুপ্রাপ্ত হয়। তাঁর এই নির্জনে আধ্যাত্ম সাধনা ও গভীর আধ্যাত্মিক উপলব্ধির পরিচয় পাই তাঁর ‘গীতার আলোকে জীবন দর্শন’ হইতে।

॥ পাঁচ ॥

রাখাল দা’র সঙ্গে আমার শেষ সাক্ষাৎ হয় ২০০০ সালে। সে বছর ৬ই জুন তাঁর জন্মশতাব্দী অনুষ্ঠানে যোগ দিতে যাই বিদ্যাশ্রমে, প্রধান গান্ধীবাদী নেতা ও নিরলস হিন্দী প্রচারে নিরত শ্রী বিধুভূষণ দাশগুপ্ত, ‘সর্বোদয়’ পত্রিকার পরিচালক শ্রী শান্তিরঞ্জন দাস প্রমুখ কয়েকজন প্রবীণ সর্বোদয় নেতার সঙ্গে। রাখাল দা’র শরীর তখন জরাজীর্ণ, অস্থিচর্মসার। সমস্ত শরীর বেঁকে গিয়েছে। তবুও একটা আসনে বসেই সারাদিন লেখা পড়া করেন। সর্বোদয় ও অন্যান্য পত্রিকায় তাঁর লেখা নিয়মিত প্রকাশিত হয়। স্মৃতিশক্তি তখনও প্রখর। বিচার-বিশ্লেষণে তাঁর অগ্র্য বুদ্ধির পরিচয় সুস্পষ্ট। জন্মশতবর্ষ উদযাপন অনুষ্ঠানে একদিন অপরাহ্নে ‘শিক্ষা’ সম্পর্কে এক সংক্ষিপ্ত ভাষণ দেন। তার অনুলিপি প্রকাশিত হয়েছিল ওই অনুষ্ঠানের

বিবরণে— ‘সর্বোদয়’ পত্রিকায়। সেই ভাষণেও তাঁর মননশীলতার যথেষ্ট পরিচয় পাই।’

রাখাল দাঁর জন্মশতবর্ষ উদ্‌যাপনকালে আমার কেবলই মনে পড়েছে ঈশোপনিষদের দ্বিতীয় মন্ত্রটি ‘কুর্বন্নেহ কর্মানি-জিজীবিষেৎ শতংসমাঃ’—যাবতীয় কর্ম করতে করতেই একশত বৎসর জীবিত থাকার ইচ্ছা করবে। কর্মের অর্থ যজ্ঞ। গীতাতে ও আছে— ‘বিসর্গঃ কর্ম সংজ্ঞিতঃ’ (৮/৩)। ‘বিসর্গ অর্থাৎ যজ্ঞ। গীতায় যজ্ঞ শব্দটি ব্যবহৃত হয়েছে ব্যাপক অর্থে। এই জগৎচক্র এক যজ্ঞচক্র (কর্মযোগ, ত্য অধ্যায়)। রাখাল দাঁও সারা জীবন নানা কর্ম করেছেন-কর্মযজ্ঞের অনুষ্ঠান করেছেন। বিশেষত তাঁর শেষ জীবনের সকল কর্ম তো করেছেন যজ্ঞ ভাবনায় ভাবিত হয়েই। বস্তুত গান্ধী-বিনোবার চিন্তায় সকল কর্মই হয়ে উঠেছে যজ্ঞ। ভূদান যজ্ঞ ইত্যাদি।

রবীন্দ্রনাথের একটি গানে আছে—

বিশ্বধাতার যজ্ঞশালা আত্মহোমের বহি জ্বালা

জীবন যেন দিই আত্ম মুক্তি আশে, রাখাল দাঁও তাঁর সমগ্র কর্মময় জীবন আত্ম দিচ্ছেন বিশ্বধাতার যজ্ঞশালায়। মুক্তির আশায়। সেই মুক্তি জগতের কল্যাণ সাধনে। ‘আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায়’। এমনি করে তাঁর সকল কর্মেরই পরিণতি হয়েছে জ্ঞানে, আত্মজ্ঞানে।

সেদিন জন্মশতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানে রাখাল দাঁকে দেখে কেবলই মনে হয়েছে ‘দন্ধেন্ধনমিবানলম’। দেহের ইন্ধন দন্ধপ্রায়, ভস্মীভূত হবার অপেক্ষায়, আর সেই ইন্ধনেই আত্মার নির্ধূম অগ্নি শিখা দীপ্যমান।

তাঁর দেহের ইন্ধন জ্বালিয়েই রাখাল দাঁ তাঁর জীবন আত্ম দিচ্ছেন। এই আত্মাৎমিত কি ব্যার্থ হবে?

একদিন সাধু গৃহস্থের কর্তব্য ছিল অগ্নিরক্ষা, অগ্নি পরিচর্যা। আজ ঐ অগ্নিবক্ষা ও পরিচর্যার দায় আমাদের স্বীকার করতে হবে।

রাখালদাঁর একটি চিঠি

বিদ্যাশ্রম

২০.০৩.৮৪

প্রিয় যাত্রা মোহন,

তোমার কার্ডের চিঠি কাল পেলাম। তুমি অনলস অকৃপন লেখক, তাই তোমাকে আন্তরিক অভিনন্দন জানাই। কিন্তু আমার চোখের দৃষ্টি এখন বেশ দুর্বল হয়ে আসছে তাই তোমার ঐ মাইক্রোস্কোপিক লেখা পড়তে অনেক সময় হিমসিম খেতে হয়। অভ্যাস বশতঃই ভাবার্থ বুঝে নিই। তোমার জ্ঞাতার্থে এটা জানালাম। একটা কথা তোমায় বলে রাখি।

আয়ুর শেষ প্রান্তে এসে গেছি। যে কোনোদিন ডাক পড়তে পারে। আজকাল “নাম তালিকা ভুক্ত” এমন যে কোনও ব্যক্তির মৃত্যু ঘটলে অমনি খারের কাগজে রেডিওতে বিবৃতি প্রচার ইত্যাদি রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে। অবস্থা দেখে আমার ভয় হচ্ছে পাছে আমাকে নিয়েও তাই হয়। অন্ততঃ তোমাদের মত অন্তরঙ্গের হাতে যেন তা না হয়। সে উদ্দেশ্যে যা লিখেছি তা নিম্নে কবিতাকারে দিলাম।

স্মারক নিগড়

রাখাল চন্দ্র দে

বন্ধুবর,

রেখোনা রেখোনা মোরে স্মারক বন্ধনে
 পাষণে, পর্দায় কিম্বা নগর তোরণে
 রেখোনা ভিখারী করে সম্মানের ভিক্ষাপাত্র হাতে।
 পথের বাসিন্দা ঐ ভিখারীর মতো।
 “চিনতেই হবে” বলে চোখে চেপে চোখ করি কানা।
 “শুনতেই হবে” বলে মাইকেতে কান করি কালা।
 “মানতেই হবে” বলে প্রতিদ্বন্দিতায় গুটিয়ে আস্তিন
 করিও না বিড়ম্বনা মোরে।
 আজ বন্ধু, যে গলায় পরাইলে প্রীতি ভরা মালা—
 কাল কেউ অন্ধকারে, চুপি সাড়ে কাটিবে সে গলা
 মিথ্যা দিয়ে কেন এত ঘটাবু বিভ্রাট?
 তার চেয়ে রেখো বন্ধু, একবিন্দু প্রেম
 হৃদয়ের গোপন পরতে, যদি তাহা জমে সহজেই।
 জীবনের বন্ধুর পন্থায়-পতনই নহে মোর সব
 উঠিতেও চেয়েছিলু ধরি হাত তোমা সবাকার।
 সেই হাত কেহ বা নিয়েছে হাতে তুলে, কেহ বা করেছে প্রত্যাখ্যান।
 অচ্ছিল্যে ফিরায়ে মুখ, দুঃখ তাতে নেই
 কালের নিষ্পক্ষ, অমোঘ দৃষ্টি তলে
 আমি যাহা আছি থাকিব তাহাই।

এ পর্যন্ত শেষ। কিছুদিন শরীর বেশ খারাপ গেল, জ্বর, কাশি ব্যথা বেদনাদিতে, আজ একটু ভাল,
 তাই লিখলাম। ভজ পাউনার গেল। আর সবাই মোটামুটি ভাল। তোমাদের কুশল জানিয়ে সুখী করবে।
 কবিতাটি এখনই কোথাও প্রকাশ করবে না। পরে বুঝে শুনে ব্যবস্থা করা যাবে।

—ইতি

রাখালদা

সংগ্রহালয়ের স্মৃতিকথা সংগ্রহ থেকে

প্রবাজিকা বেদপ্রাণা

১৬৪ সালের ৭ই মার্চ বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ের পক্ষ থেকে কলকাতার দমদমে অবস্থিত রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যা ভবনের অধ্যক্ষা প্রবাজিকা বেদপ্রাণার সঙ্গে সাক্ষাৎ করে মহাত্মা গান্ধীর সম্বন্ধে কিছু স্মৃতিকথা বলতে অনুরোধ করি।

তদুত্তরে তিনি বলেন, “২রা অক্টোবর এবং ৩০শে জানুয়ারি যাঁর আবির্ভাব ও তিরোধান দিবস সারা পৃথিবীময় উদ্‌যাপিত হয়, তাঁর পুণ্য সংস্পর্শে আমার সৌভাগ্য ঘটেছিল আসবার। যদিও সে সময় খুবই স্বল্প পরিসর তথাপি সেই স্মৃতি চির অক্ষয়। আজ আপনাদের কাছে গান্ধীজীর নোয়াখালি অবস্থানের কয়েকটি দিনের স্মৃতিকথা বলব। ১৯৪৬ সালের ১০ই অক্টোবর নোয়াখালিতে বিদ্বেষের আঙন জলে উঠেছিল কিন্তু সাত দিন পর্যন্ত বাইরের কেউ সেই খবর জানতে পারেনি, ৭ই নভেম্বর গান্ধীজী নোয়াখালির চৌমহনী শহরে উপস্থিত হলেন। নোয়াখালির দুর্ঘটনার ফলে শুধু বাংলাদেশ নয়, সমগ্র ভারতবর্ষের মন বিষাক্ত হয়ে উঠেছিল। গান্ধীজী নোয়াখালিতে পদার্পন করা মাত্রই অনুভব করলাম যে স্থানীয় মুসলমান জনতা ভারতের একটি ক্ষুদ্র খণ্ডকে বিচিত্র উপায়ে পাকিস্তানের ভিত্তিতে পরিণত করেছে। নোয়াখালি তখন গান্ধীজীর কাছে তীর্থ পরিভ্রমার মতন হল অর্থাৎ মানুষ মানুষের প্রতি বিদ্বেষের আঙন জ্বালিয়ে তুলেছে, হত্যা, লুণ্ঠন,

ধর্মান্তকরণ অবাধে চলছে। তাদেরই মধ্যে শান্তির বাণী প্রচারক মহাত্মাজী এসেছেন। গান্ধীজী পৌঁছবার ১০ দিন আগেই আমরা নোয়াখালির দত্তপাড়া নামক গ্রামে হাজির হয়েছি। হিন্দু গ্রামবাসী সকলেই উদ্বাস্ত শিবিরে চলে এসেছে, দোকানপাট, বাজারহাট সবই বন্ধ। রাস্তাঘাট নানা জায়গায় বিচ্ছিন্ন হয়েছে। গ্রামের সর্বত্র একটা সন্ত্রস্ত ভাব। শিবিরে শিবিরে গিয়ে আমরা statistics নিচ্ছি। যারা গৃহহারা হয়েছে তাদের দুঃখের কাহিনী লিখে নিচ্ছি যাতে গান্ধীজীর কাছে সব সংবাদ পুঙ্খানুপুঙ্খ রূপে দেওয়া যায়। দত্তপাড়াতে গান্ধীজী ক্যাম্প তৈরি করলেন। গোপারিবাগ নামক গ্রামে আমরা হাজির হলাম। গ্রাম যে অত্যন্ত উপদ্রুত অঞ্চল গ্রামের চতুর্পাশ দেখে অনুমান করলেন। ঘর, দালান, গোলাবাড়ি, পুকুর, পূজামণ্ডপ সবই পরিত্যক্ত। বাড়ির চারিপাশে ইতস্তত বিক্ষিপ্ত কয়েকটি মানুষের মাথার খুলি পড়ে আছে। দিনের বেলাতেও শেয়াল ঘুরছে। গান্ধীজী বাড়ির চারপাশ পরিভ্রমণ করলেন, মরার মাথার খুলির সামনে এসে স্থির হয়ে দাঁড়ালেন। গান্ধীজীর চোখ দিয়ে জল পড়ছে। মানুষের দুঃখে মহামানবের করুণা বিগলিত হৃদয় সাড়া দেয়। নীরব শাস্ত মনে সব পরিদর্শন করে গান্ধীজী জিজ্ঞাসা করলেন, “এই বাড়ির অধিবাসীরা কি উদ্বাস্ত শিবিরে আছে? আমি তাদের সঙ্গে দেখা করব।”

গান্ধীজী দত্তপাড়া ক্যাম্প ফিরে এসে সন্ধ্যার

প্রবাজিকা বেদপ্রাণার সঙ্গে কথা বলেন সংগ্রহালয়ের তদানিন্তন কিউরেটর শ্রী ক্ষিতিশ চন্দ্র দাশগুপ্ত

প্রার্থনা সভার পর গোপারিবাগ গ্রামের মহিলাদের সঙ্গে সাক্ষাৎ করলেন। আর্ন্ত মহিলাবৃন্দ তাদের দুঃখের কাহিনী বলে যেতে লাগল। একদিন ভোরবেলা মুসলমান গ্রামবাসী হঠাৎ এসে তাদের বাড়ি-ঘর আক্রমণ করে, তারপর এক পঙতিতে বসিয়ে আঠারো জন পুরুষকে হত্যা করে। তাতে কয়েকজন মহিলা বিধবা হয়। তারপর মহিলাদের ধর্মান্তকরণ শুরু হয়। এই কাহিনী শুনতে শুনতে গান্ধীজী বললেন, “তোমরা মরতে পারলে না? এ ভারতবর্ষের মেয়েরা তো সেই বীর্য রাখে, তারা প্রাণ দেয় তবু সতীত্ব দেয় না। দেহটা অক্লেশে ত্যাগ করে তবু ধর্ম ত্যাগ করে না।” গান্ধীজী তাদের আরো জিজ্ঞাসা করলেন, “তোমরা কি বিশ্বাস কর যে মুসলমানেরা তোমাদের ধর্ম নষ্ট করেছে? আমি মনে করি ধর্ম মানুষের মন প্রাণের গভীরের একটি সত্তা যা কখনো কেউ নষ্ট করতে পারে না। মানুষ মরে যেতে পারে কিন্তু ধর্ম তার অমর অক্ষয় হয়ে থাকবে। তোমরা মনে শক্তি আনো, মুসলমানদের সামনে তোমরা আচার অনুষ্ঠান আন্তরিকতার সঙ্গে করো যাতে তাদের কখনো তোমরা ভয় পাবে না। তাহলে যদি তোমাদের মেরে ফেলে তা সহ্য করো। মানুষ জানুক তোমরা ধর্মের জন্য প্রাণ ত্যাগ করেছে। বীর্যের অভাবই তোমাদের মৃত্যুর কারণ। মুসলমানদের অত্যাচারটা উপলক্ষ্য মাত্র।” মহামানব মানুষের মনে যথার্থ শক্তি সঞ্চারের সহায়তা করেন যে শক্তি তাকে মৃত্যুর পারে নিয়ে যায়। গান্ধীজী দিনের পর দিন এই সাধনায় রত হলেন কেমন করে তিনি মানুষের মনে সং সাহস ফিরিয়ে আনবেন। শরণার্থী হয়ে শিবিরে কেবল মাত্র সাহায্য দান করলেই তাদের সেবা হবে না। মানুষ যাতে পেছনের দিকে না তাকিয়ে বীরের মতন ভবিষ্যতের গহনের মধ্যে পথ সন্ধান করতে পারে সেই শিক্ষা দেবার জন্যই তিনি এখানে উপস্থিত হয়েছিলেন। সেই দিনই গান্ধীজী জনতার মাঝে মুক্ত কণ্ঠে বললেন

সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের আক্রমণাত্মক মনোভাবকে শাস্ত করবার চেষ্টায় যেন মান বিসর্জন দিয়ে মাথা নিচু করে কিছু করা না হয়। মানুষের মনে যথার্থ আত্মিক বলের প্রতিষ্ঠাই গান্ধীজীর নোয়াখালি পরিক্রমার মুখ্যতম উদ্দেশ্য ছিল। কিন্তু কার্যক্ষেত্রে যতই পরিণাম দেখে গান্ধীজী হতাশ হতেন ততই বলতেন, “মেরা দিমাগ হট যাতা হ্যায়।” আমার বুদ্ধি পরাস্ত হয়ে যাচ্ছে। হৃদয়ের অসহায় সান্ত্বনা পাওয়ার জন্য এই সব মুহূর্তে গান্ধীজী রবীন্দ্রনাথের ‘একলা চল রে’ গানটি শুনতে চাইতেন। ১৯৪৬ সালের নভেম্বর মাস গান্ধীজী জনতার মাঝে নতুন কর্মপন্থা নিয়ে বসেছেন, দিনের পর দিন শরণার্থীরা গান্ধীজীর কাছে এসে তাদের কর্তব্য সম্বন্ধে গান্ধীজীকে জিজ্ঞাসা করতে লাগলো। গান্ধীজীকে একজন প্রশ্ন করলেন, “আপনি যে শান্তির কথা বলছেন, আমাদের এখন শান্তির সময় না যুদ্ধের সময়?” বিনা দ্বিধায় গান্ধীজী বললেন, “শান্তির জন্যই আমার কাজ করে যেতে হবে কিন্তু যদি তাতে সার্থক না হয়, তখন সংগ্রাম হতে পারে, তখনই পৃথিবীর লোক বুঝবে কার অপরাধ।” ভারতে মহাপুরুষেরা একই নীতি অবলম্বন করেন। শান্তি মানুষের কাম্য, অনাদিকাল থেকে ভারতভূমিতে শান্তির বাণী প্রচারিত হয়েছে। শান্তি রক্ষার জন্য গান্ধীজী এসেছেন উপদ্রুত অঞ্চলে কিন্তু সেই শান্তির বাণী প্রচার যদি ব্যাহত হয় তবে সংগ্রামের জন্য আমাদের প্রস্তুত হতে হবে। অহিংস সত্যগ্রহীর জীবনে এই হল গূঢ়তম রহস্য। সত্য, শান্তি তাঁর লক্ষ্য। যদি সে পথে বাধা আসে তখন সত্যগ্রহী বীরের মতন সংগ্রাম করবে, আত্মরক্ষা করবার প্রয়াস করবে, তাতেও ব্যর্থ হলে সে ন্যায় যুদ্ধে প্রাণ বিসর্জন দেবে। এই শান্তি রক্ষার প্রচেষ্টা বীরের শান্তি রক্ষার প্রচেষ্টা। তাই শান্তি ও সংগ্রাম পাশাপাশি থাকতে পারে পরস্পরে কোনো বিরোধ নেই। গান্ধীজী কাপুরুষতার আশ্রয়ে শান্তির বাণী প্রচার করতে চাননি কারণ তিনি নিজে বিশ্বাস

করতেন যে দুঃসাহসিকতা পরিহার করে কোনো সেনাপতি আজ পর্যন্ত বড় সেনাপতি হতে পারেনি। ১৯৪৬ এর ২৬শে নভেম্বর নোয়াখালিতে অল্প শীতের লক্ষণ দেখা দিল কিন্তু গভর্নমেন্ট থেকে শরণার্থীদের জন্য শীত বস্ত্রের আয়োজন তেমন হলো না। শ্রীযুক্ত মোহনলাল গোয়েংকা এবং গিরিধারী নামে দুই ব্যক্তি ১ লক্ষ টাকার কস্মলের ব্যবস্থা করলেন, গান্ধীজী যদি অনুমতি দেন তবে বিতরণ শুরু হবে। গান্ধীজী সম্মতি না দিয়ে বললেন, শরণার্থীদের পক্ষে গভর্নমেন্টের কাছে নিজেদের দাবি আরো দৃঢ়তার সঙ্গে জানানো উচিত। শীতবস্ত্র ও আশ্রয়ের ব্যবস্থা করা গভর্নমেন্টের কর্তব্য। আর্ত প্রাণীর বুদ্ধিতে জনসেবা করলে চলবে না। গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার জন্য যদি কিছু লোকক্ষয়ও হয় আমি নীরবে সহ্য করব। অসাধারণ রাজনীতি কুশল গান্ধীজী জানতেন দায়িত্বজ্ঞান শূন্য গভর্নমেন্টের দ্বারা শাসিত জনকুল কখনো সাময়িক সাহায্য পেয়ে যথার্থ শাস্তির রাষ্ট্র উপভোগ করতে পারে না। অতঃপর মানুষ শুধু আর্ত ত্রাণ ব্রত নিলেই মানুষের দুঃখ দূর হবে না, রাষ্ট্রব্যবস্থাপকদেরও সচেতন করতে হবে। এত বিপর্যয় মধ্যেও গান্ধীজী দূরদৃষ্টি সহায় রাষ্ট্রনীতি সম্বন্ধে মানুষকে সচেতন করতে প্রস্তুত ছিলেন। জাতির যিনি যথার্থ জনক ছিলেন তিনি কোনো সাময়িক সুখ-সুবিধা, দুখ-দুর্দশা দূরীকরণের ব্যবস্থা করে নিশ্চিত হতে পারেননি।

সমগ্র মাতৃভূমি যার কাছে জীবন্ত, জাগ্রত তারই সেবায় তিনি রত ছিলেন। প্রায় তিন মাস ধরে এমন দেবমানবের দৈনন্দিন জীবনযাত্রা দেখে মনে হল সত্যি এ সৌভাগ্য দুর্লভ। আজও দেশের সেই দুর্দিন দেখা দিয়েছে। হিন্দু-মুসলমান-এর জীবন আজ বিপর্যস্ত। এমনি দিনে স্মরণ করি

গান্ধীজীকে যিনি জাতির পূজা গ্রহণ করে সেই জাতির সেবায় জীবনের শেষ মুহূর্তটি পর্যন্ত উৎসর্গ করলেন। নিজেকে যিনি একটি দিনের জন্যও সাধারণ মানুষ থেকে পৃথক মনে করেননি। তাঁরই উক্তি উদ্ধার করে তাঁর স্মৃতি পূজা শেষ করব। “যে আদর্শের দ্বারা আমাদের জীবন পরিচালিত তা সাধারণ মানুষের গ্রহণের জন্যই আমি সকলের সামনে উপস্থিত করেছি। আমি নিজেকে সাধারণ মানুষের উর্দে বলে মনে করি না। সাধারণের যে যোগ্যতা আছে আমার তদপেক্ষা কম আছে। আমার বিন্দুমাত্র সন্দেহ নেই, যে আমি যতটুকু পেয়েছি তা উপযুক্ত আশা ও বিশ্বাসের সঙ্গে অধ্যাবসায় সহকারে চেষ্টা করলে যে কোনও নরনারীর পক্ষে আয়ত্ত্ব করা সম্ভব। যে আদর্শকে সত্য বলে চিনেছি সেই আদর্শে বহু চেষ্টা সত্ত্বেও পৌঁছতে পারছি না। এটা আমি জানি, উর্দ্বপথ যাত্রার কষ্ট আছে কিন্তু সে কষ্ট আমার কাছে আনন্দে রূপান্তরিত হয়েছে। যতই উপরের ধাপে উঠছি ততই যেন পরবর্তী উচ্চধাপে উঠবার নতুন শক্তি অন্তরে লাভ করছি।”



DIRECTOR-SECRETARY'S REPORT
on
the Programmes and Activities at
Gandhi Smarak Sangrahalaya, Barrackpore
from December 2016 to February 2017

1. Training for Food Processing and Preservation (05/11/2016 to 29/01/2017) :

The Training Programme started by the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore in the previous financial year for capacity building of local needy women has been successfully completed. A batch of ten (10) ladies had enrolled for the training on Food Processing and Preservation. They have been taught to prepare



and preserve vinegar, four types of syrups and squashes, three types of jams, one type of jelly and four types of pickles (two sour and two sweet). An examination was conducted for the



participants, which consisted of theory, viva voce as well as practical demonstration of their skills. Certificates were awarded to the participants on successful completion of the training.

2. All India Gandhi Museums' Forum Meeting 2016 (16/12/2016 to 18/12/2016) :

The All India Gandhi Museums' Forum Meeting took place from December 16-December 18, 2016. This time the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore hosted the meeting. The





participants were the Secretaries Directors of different Gandhi Museums in India which included the National Gandhi Museum, New Delhi, Magan Sangrahalaya, Wardha, Gandhi Memorial Museum, Madurai and Mani Bhavan Gandhi Sangrahalaya, Mumbai. The meeting began on December 16, 2016 at 11am with the opening song being rendered by Smt. Sarbani Chatterjee, Librarian of the Sangrahalaya. Next the Welcome Address was delivered by Shri Narayan Basu, Chairman of the Managing Committee of the Sangrahalaya. The Meeting was presided by Shri A. Annamalai, Director, National Gandhi Museum, New Delhi. After the inaugural session was over, the agenda of the meeting was elaborated by Shri Annamalai. The agenda included presentation of the annual reports of all the Sangrahalayas as well as discussion on the financial strategies and the Tentative Plan for the Celebration of 150th Birth Anniversary of Mahatma Gandhi in 2019. Each Sangrahalaya presented a report of its activities for the present financial year. All the Sangrahalayas stressed on the fact that they are trying their level best to utilize the resources available at their disposal for betterment of their respective museums in every way. The post lunch session was reserved for discussion of the financial position and strategies taken by the different museums in the present financial year. It was decided that each museum will present its proposal of activities and the proposed budget for these activities which will be sent to the Ministry of Culture through the National Gandhi Museum, New Delhi for funds for financial assistance to the museums.



- On December 17, 2016 the Tentative Plan for the Celebration of 150th Birth Anniversary of Mahatma Gandhi to be organized in 2019 was discussed at the Meeting amongst all the Sangrahalayas with relevant and significant suggestions from all the participants. It was decided to keep in touch and take up suggestions from each other regarding these celebrations. The post lunch session was reserved for a visit of the participants to Belegkata, Gandhi Bhavan, Kolkata which was associated with the memory of Gandhiji. Gandhiji was staying at Belegkata, Gandhi Bhavan on August 15, 2016 when India became independent. The participants visited the museum housed within the building. Later the participants visited Mother House, the residence and work place of Mother Teresa, the founder of Missionaries of Charity.
- On December 18, 2016 the visitors were taken for a visit to Santiniketan, the place associated with the memory and heritage of Gurudev Rabindranath Tagore. They met with the Director of Rabindra Bhavana; Professor Tapati Mukherjee with whom a very enlightening discussion on Tagore and Santiniketan as well as the newly formed museums and galleries opened recently at Rabindra Bhavana Complex was carried out. A guided tour was provided to the participants of the entire Rabindra Bhavana as well as Uttarayana Complex which houses five different houses of Tagore viz. Udichi, Udayan, Konarak, Shyamali and Punascha.



3. Exhibition on Environmental Awareness, at the premises of Gandhi Smarak Sangrahalaya, organised by Paribesh Bandhav Mancha, Barrackpore (28/01/2017) :

The Paribesh Bandhav Mancha, Barrackpore, an NGO working on generating awareness on the evil effects of environmental pollution amongst people, particularly in the Barrackpore and adjacent localities, for over a period of time, arranged an interschool exhibition of project works on environmental awareness at the premises of the Sangrahalaya on January 28, 2017, Saturday. Students of classes IX and X of eleven reputed schools of the Barrackpore Sub-Division participated in the above mentioned programme and projects made by them were displayed at the venue. Among the schools that participated on may



mention the names of some such as, Manmathanath Girls' High School, Swami Mahadevananda Vidyayatan, Barrackpore Girls' High School, Manirampur High School, Barrackpore Cantonment Girls' High School and many more.





4. Symposium on *Biographical Museums in Promoting Economic Sustainability* (11/02/2017) :

A symposium on *Biographical Museums in promoting Economic Sustainability* was organized by Gandhi Smarak Sangrahalaya, Barrackpore on February 11, 2017 at its premises. The symposium was organized in order to discuss in detail

the challenges faced by biographical museums which includes economic hurdles as a major problem and proposals for possible solutions. The representatives of seven (7) museums attended the symposium for exchange of valuable opinion. The museums included Rabindra Bhavana Museum, Visva Bharati, Santiniketan, Maulana Abul Kalam Azad Institute of Asian Studies, Bankim Bhavan Gaveshana Kendra, Kanthalpara, Naihati, Raja Rammohun Roy



Memorial Museum, Bhaskar Bhavan Museum, Chintamani Kar Sangrahalaya, Gurusaday Museum, Joka etc. The Welcome Address was delivered by Shri Pratik Ghosh, Director- Secretary, Gandhi Smarak Sangrahalaya, Barrackpore. The Keynote Address was delivered by Dr. Atul Chandra Bhowmick. Former Professor. Department of Museology, University of Calcutta. He stressed in



his speech that in present times it was absolutely necessary for museums to devise ways and means to sustain themselves as it is not always possible to get financial support from the government. He outlined the significance of involvement of museums in selling mementoes based on the collections of the

museums. And also other means such as dolls and toy making and marketing them in collaboration with NGOs, selling publications of all kinds etc. The representatives of all the museums subsequently put

forward their views on the theme of the symposium giving valuable and many a times unique suggestions. Finally the

Valedictory Address was delivered by Professor Tapati Mukherjee, Adhyakha, Rabindra Bhavana, Director, Culture and Cultural Relations, Visva-Bharati, Santiniketan. She emphasized on

the fact that the lives of great personalities serve as icons for the present generation as they embody the ideal virtues and philosophy of life. So it was not enough for biographical museums to remain as stories of life but



to involve themselves actively in community development. There was valuable exchange of opinion and every participant was of the opinion that it was absolutely necessary for all the biographical museums to come on a common platform and form a forum.



5. Participation in the Programme on Commemoration of International Mother Tongue Day (*Bhasa Dibas*)(19/02/2017):

The Sangrahalaya was invited to participate in the 13th Annual Conference of the Gandhiji Janmotsav Udjapan Committee of Naihati on the eve of 'International Mother Tongue Day' at Mulajor Bharatchandra Granthhagar, Shyamnagar on February 19, 2017. The MLA of Noapara Constituency, Shri Madhusudan Ghosh delivered the Inaugural Address and the Director- Secretary



of the Sangrahalaya delivered a speech on the significance of the *Bhasa Dibas*. The Exhibition on the life and works of Gandhiji in roll-up standee was mounted at the venue of the programme and the documentary titled *Role of Barrackpore in the Freedom Movement of India* was shown. The Sangrahalaya also set up a temporary counter consisting of publications and other articles related to Mahatma Gandhi. The participants were overwhelmed about the articles at the counter related to Gandhiji. The programme received positive feedback from the audience.





6. Training for Hand Batik (04/02/2017) :

A new batch of trainees has enrolled in the training for hand batik organized from February 04, 2017, by the Sangrahalaya as part of its programme for financial capacity building for the local needy ladies. The participants will be taught to make

handkerchiefs, table cloths, dupattas and wall hangings in this training.

7. Special Lecture on ‘গান্ধীজীর শিক্ষাচিন্তার পরিপ্রেক্ষিতে বর্তমান শিক্ষাব্যবস্থার মূল্যায়ন’ (Evaluation of the Present Education System in Light of Gandhiji’s Educational Thought) (28/02/2017) :

The Sangrahalaya organized a special lecture on the topic “Gandhijir Sikshachintar Pariprekshite Bartaman Siksha Byabasthhar Mulyayan”



(Evaluation of the present education system in light of Gandhiji's educational thought) on February 28, 2017 at its premises.

The participants included sixty (60) students and teachers of Ashok-Nilay Nivedita College

of Education, Ullon, Ramlochanpur, South 24 Parganas. The Welcome Address was delivered by Shri Pratik Ghosh, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya, Barrackpore. Two eminent speakers were invited to deliver their valuable opinion on the theme of the lecture. They were Professor Ashok Kumar Mukhopadhyay, former Subhash Chandra Professor, Department of Political Science, University of Calcutta and Shri Swapan Kumar Chakraborty, Headmaster, Bhadrpara Gilarchhat High School, Raidighi, South 24 Parganas. Professor Mukhopadhyay, in his lecture stressed on the utility of Gandhiji's idea of *Nai Talim* and *Sarvodaya* (welfare for all) whereas Shri Chakraborty emphasized on the significance of value education which was given so much importance by



Gandhiji, for an ideal life. Finally, at the end of the lecture there was a panel discussion between the speakers and the participants where relevant questions based on the theme of the lecture were raised by the participants and answered by the speakers. The



participants were provided a guided tour of the Sangrahalaya and shown the documentary titled *Role of Barrackpore in the Freedom Movement of India* after the lecture got over.

8. Mobile Exhibition :

◆ At Deuribarh Kiranprava Vidyamandir High School, Bajkul, East Midnapore (12/01/2017)

The Sangrahalaya visited Deuribarh Kiranprava Vidyamandir High School at Bajkul, in the district of Purba Midnapore on January 12, 2017





with their Mobile Exhibition and Daylong Programme. The mobile exhibition set Alokchitre Teen Mahajibon (three great personalities in photographs—Gurudev Rabindranath Tagore, Mahatma Gandhi and Netaji Subhash Chandra Bose) in roll-up standee was mounted at the school premises. After this the documentary titled Role of Barrackpore in the Freedom Movement of India was shown. Finally, the students of the school participated in an audio-visual spot quiz, consisting of twenty (20) questions on the life and works of Mahatma Gandhi, which was conducted by the Sangrahalaya. Prizes were awarded to the winners of the quiz. The programme proved to be a very unique experience for both the students as well as the staff of the school and received tremendous amount of positive response from them.



◆ **At Rasakhowa High School, Karandighi, Uttar Dinajpur (14/02/2017)**

On February 14, 2017 the Sangrahalaya visited Rasakhowa High School, Karandighi, Uttar Dinajpur with their Mobile Exhibition and



Daylong Programme. The mobile exhibition set Alokchitre Teen Mahajibon (three great personalities in photographs— Gurudev Rabindranath Tagore. Mahatma Gandhi and Netaji Subhash Chandra Bose) in roll-up standee was mounted at the school premises. After this the documentary titled Role of Barrackpore in the Freedom Movement of India was shown. Finally, the students of the school participated in an audio-visual spot quiz, consisting of twenty (20) questions on the life and works of Mahatma Gandhi, which was conducted by the Sangrahalaya. Prizes were awarded to the winners of the quiz. The Sangrahalaya was lauded for the presentation of the programme by the School authorities and the response from the students was extremely positive too.





9. Special visits

- ◆ Shri Vijay Dube, the General Manager, of Vijaya Bank Eastern Region, visited the Sangrahalaya along with his family and sixty four (64) employees of different branches of the bank, on January 22, 2017. They were provided with a guided tour of the Sangrahalaya and shown the



Shri Paritosh Roy, Secretary, Department of Rural Development, Government of West Bengal visited the Sangrahalaya on February 13, 2017



Shri Vijay Dube, General Manager of Vijaya Bank Eastern Region visited the Sangrahalaya on January 22, 2017.

documentary titled ***Role of Barrackpore in the Freedom Movement of India***. On seeing the display Shri Dube commented, “Inspiring and humble experience- congrats and thanks to the museum officials for their excellent endeavours.” Mrs. Anjana Dube, wife of Shri Dube also commented positively regarding the display of the Sangrahalaya saying, “Very courteous staff and great experience on life and teachings of Bapu. Thank You”.

- ◆ Shri Paritosh Roy, Secretary, Department of Rural Development, Government of West Bengal visited the Sangrahalaya on February 13, 2017 along with his friends and family. He was provided with a guided tour of the Sangrahalaya. On seeing the display he commented, “গান্ধী স্মারক সংগ্রহালয়ে এসে অভিভূত হলাম। জাতির জনককে ভালোভাবে চিনলাম। সংগ্রহালয় কর্তৃপক্ষকে অসংখ্য ধন্যবাদ!” (I am overwhelmed on visiting the Gandhi Smarak Sangrahalaya. I have been able to know about the Father of the Nation clearly. Sincere thanks to the museum authorities).

10. Group Visits :

- ◆ On December 3, 2016, eighty (80) students of St. Stephens School, Habra, visited the Sangrahalaya accompanied by their Principal, teachers and staff for an educational excursion. They were provided with a detailed guided tour of the Sangrahalaya



and later shown the documentary titled *Role*

of Barrackpore in the Freedom Movement of India. One of the teachers Shri Arup Kumar Sarkar remarked about the display, “Precious collection with satisfaction!” (03/12/2016)



St. Stephens School, Habra

- ◆ About 200 students of classes I and II of The Assembly of Angels Secondary School visited the Sangrahalaya for an educational tour on



January 19, 2017. They were provided with a guided tour of the Sangrahalaya. One of the teachers on seeing the display commented, “Well maintained!” (19 / 01 / 2017)



The Assembly of Angels, Barrackpore

- ◆ Thirteen (13) students of the Department of Philosophy, Sreerampore College visited the Sangrahalaya along with their Professor, Dr. Prabhakar Bhattacharya on January 21, 2017. They were provided with a detailed guided tour of the Sangrahalaya and later shown the documentary titled *Role of Barrackpore in the Freedom Movement*

of India. Dr. Bhattacharya who frequently arranges visits to the Sangrahalaya for his students remarked, “Like last year we have brought our students to introduce themselves to the life and works of the great soul.” (21/01/2017)



- ◆ A group of 23 foreign tourists from UK came to visit the Sangrahalaya on January 24, 2017 as part of the itinerary of a tour organized by the Department of Tourism, Government of India. They were provided with a guided tour of the galleries of the Sangrahalaya. Two of the visitors left extremely positive comments about the Sangrahalaya. Mr. Brian Higgins from New Midland, England wrote, “Excellent Presentation” and Mr. David Ranle from Kent, England wrote, “Very good and clearly explained!” (24/01/2017)



Foreign Tourists from UK

- ◆ On February 6, 2017 near about seventy (70) students of Springdale Primary School, Kalyani visited the Sangrahalaya for an educational tour along with their teachers. They were provided with a guided tour of the Sangrahalaya and shown the documentary titled ***Role of Barrackpore in the Freedom Movement of India.*** Smt. Sudipta Saha, the Headmistress of the institution on seeing the display of the Sangrahalaya commented, “Very Good”. (06/02/2017)



Springdale Primary School, Kalyani

- ◆ On February 9, 2017 about 180 students of Sanat Roychowdhury institution for Girls' from Govindo Khatik Road, Kolkata visited the Sangrahalaya with their teachers for an educational tour. They were provided with a guided tour of the Sangrahalaya. One of the teachers Smt. Subhasree Sarkhel commented, "Very Good" on seeing the display of the Sangrahalaya. (09/02/2017)



Sanat Roychowdhury Institution for Girls, Kolkata



- ◆ On February 17, 20

and 21, 2017 near about two hundred and forty (240) students of classes IV and V of Kendriya Vidyalaya (Army), Barrackpore visited the Sangrahalaya in three (3) batches of eighty (80) each (on each day) for educational tour. They were provided with a guided tour of the Sangrahalaya and shown the documentary titled ***Role of Barrackpore in the Freedom Movement of India***. (17/02/2017, 20/02/2017 and 21/02/2017).



Kendriya Vidyalaya (Army), Barrackpore

11. Total number of visitor who visited Gandhi Smarak Sangrahalaya, Barrackpore during the period December, 2016 to February, 2017 (excluding the participants of various programme)— 4,750